# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৭ সালের ৩য় বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৬ এপ্রিল, ২০১৭ |
| সময় | ঃ | বেলা ১০-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:-

**আলোচ্য বিষয়-১:** ০২ মার্চ, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

**আলোচনা :** গত ০২ মার্চ, ২০১৭ তারিখে অনুষ্ঠিত ২০১৭ সালের ২য় বোর্ডসভার সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়।

**সিদ্ধান্ত :** সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহমেদ এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য কর্ণেল (অব:) মোঃ শহীদুল হক এর সমর্থনে সর্বসম্মতিক্রমে বিগত সভার (২০১৭ সালের ২য় বোর্ডসভার) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচ্য বিষয়-২:** ফেব্রুয়ারি ও মার্চ, ২০১৭ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

**আলোচনা :** ফেব্রুয়ারি ২০১৭ মাসে বিভিন্ন খাতে ৯২,৩৮,৮৯৬/- (বিরানব্বই লক্ষ আটত্রিশ হাজার আটশত ছিয়ানব্বই) টাকা ও মার্চ, ২০১৭ আদায় ৯১,২২,৫৩৮/- (একানব্বই লক্ষ বাইশ হাজার পাঁচশত আটত্রিশ) টাকা রাজস্ব আদায় হয়েছে। মার্চ, ২০১৭ পর্যন্ত ২০১৬-২০১৭ আর্থিক সালের ক্রমপুঞ্জিভুত আদায় ১৫,১১,৩৩,৩৭৩/- (পঁনের কোটি এগার লক্ষ তেত্রিশ হাজার তিনশত তেত্রিশ) টাকা। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, কচুক্ষেত পুরান বাজার, বনানী ডিওএইচএস ও বারিধারা ডিওএইচএস এলাকার গৃহকর আদায়ের হার যথাক্রমে ৬২.১৫%, ৮০.৭১% এবং ৮৩.৭২%।

**সিদ্ধান্ত :** কচুক্ষেত পুরান বাজার এলাকার যে সকল হোল্ডিং এর গৃহকর বকেয়া রয়েছে তাদেরকে চূড়ান্ত নোটিশ প্রদান করতে হবে। ব্যর্থতায় সেনানিবাসে চলাচলের জন্য ইস্যুকৃত ট্রানজিট/আবাসিক/গাড়ীর স্টীকার বাতিল করার কার্যক্রম গ্রহণ করতে হবে। ডিওএইচএস বনানী ও বারিধারা এলাকার যে সকল হোল্ডিং এর গৃহকর বকেয়া আছে সে সকল হোল্ডিং এর মালিককে নোটিশ প্রদান করতে হবে এবং সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদকে বিষয়টি অবহিত করতে হবে।

**আলোচ্য বিষয়-৩:** ফেব্রুয়ারি ও মার্চ, ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

**আলোচনা :** ফেব্রুয়ারি ও মার্চ, ২০১৭ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ৩,৬৬,৮৩,৫০১/- (তিন কোটি ছেষট্টি লক্ষ তিরাশি হাজার পাঁচশত এক) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ ফেব্রুয়ারি ও মার্চ, ২০১৭ মাসে সর্বমোট আয় ৩,৬৮,১২,৯৫০/- (তিন কোটি আটষট্টি লক্ষ বার হাজার নয়শত পঞ্চাশ) টাকা। অপরদিকে ফেব্রুয়ারি ও মার্চ, ২০১৭ মাসে সর্বমোট ব্যয় ৮,৮৯,৪৪,৯৬৮/- (আট কোটি ঊননব্বই লক্ষ চুয়াল্লিশ হাজার নয়শত আটষট্টি) টাকা।

**সিদ্ধান্ত :** ফেব্রুয়ারি ও মার্চ, ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

**আলোচ্য বিষয়-৪:** মার্চ, ২০১৭ মাসের স্বাস্থ্য প্রতিবেদন।

**আলোচনা :** স্টেশন হেলথ্ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রস্তুতকৃত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সেনানিবাসের সাধারণ স্বাস্থ্যগত পরিবেশ, বাসস্থান, পানি সরবরাহ, মশা-মাছি ও কীট পতঙ্গ নিধন কার্যক্রম সন্তোষজনক আছে। তবে বিভিন্ন ইউনিট/সংস্থায় নিজস্ব তত্ত্বাবধানে এন্টিম্যালেরিয়া কার্যক্রম পরিচালনার পরামর্শ প্রদান করা হয়েছে। সভায় উপস্থিত স্টেশন হেলথ অফিসার মেজর মোঃ শওকত জামিল জানান যে, ঢাকা সেনানিবাস এলাকাকে কয়েকটি সেক্টরে বিভক্ত করে ব্যপকভাবে মশক নিধন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। উক্ত কাজে স্টেশন সদর দপ্তর ও ক্যান্টনমেন্ট বোর্ড সার্বিক লজিস্টিক ও আর্থিক সহায়তা প্রদান করছে।

সিদ্ধান্ত : বর্ষা মৌশুমে সেনানিবাসে স্বাস্থ্য সম্মত পরিবেশ বজায় রাখার লক্ষ্যে স্টেশন হেলথ অর্গানাইজেশন ও ক্যান্টনমেন্ট বোর্ড সমন্বিত উদ্যোগের মাধ্যমে মশক নিধন কার্যক্রম জোরদারসহ ড্রেন পরিষ্কার এবং আগাছা পরিষ্কার করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৫: মার্চ, ২০১৭ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্ম-মৃত্যু নিবন্ধন প্রতিবেদন।

আলোচনা : মার্চ, ২০১৭ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মোট ১৯৭টি জন্ম নিবন্ধন ও ০৭টি মৃত্যু নিবন্ধন করা হয়েছে। উক্ত সময়ে বনানী সামরিক কবরস্থানে মোট ২৩ জনকে দাফন করা হয়েছে।

সিদ্ধান্ত : প্রত্যাশী ব্যক্তিবর্গের আবেদনের ভিত্তিতে জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং যথাযথভাবে রেকর্ড সংরক্ষণ করতে হবে।

আলোচ্য বিষয়-৬: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ৩য় ও ৪র্থ শ্রেণীর স্থায়ী পদে নিয়োগের জন্য কমিটি গঠন প্রসংগে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানের ২১ ক্যাটাগরীর ৩৭টি শূণ্য পদের বিপরীতে ১৮/৫/২০১৬ তারিখে প্রথম আলো এবং ০৫/০৯/২০১৬ তারিখের প্রথম আলো ও যুগান্তর পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ৩৭টি পদের জন্য

১৮৬৭ টি আবেদনপত্র অত্র দপ্তরে জমা হয়। সাভূসে অধিপ্তরের ২৯/০৪/২০১৪ তারিখের ২/এমএলএন্ডসি/ঢাকা/ ৪৮৯/শা-২/৭৫ নং ছাড়পত্রের মাধ্যমে ৩৬টি পদের ছাড়পত্র পাওয়া যায় এবং উক্ত ছাড়পত্র ও নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে ২৮/১১/২০১৫ তারিখে ২৮ পদে (মুক্তিযোদ্ধা কোটায় ০৫ জনসহ) নিয়োগ প্রদান করা হয়, বাকী ৮টি পদের মধ্যে ২টি পদের প্রার্থী পাওয়া যায়নি এবং ৬টি পদ মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষন করা হয়। অপর পক্ষে ২৮টি পদে নিয়োগপত্র দেয়া হলেও ২টি পদে প্রার্থী যোগদান করেনি। এ প্রেক্ষিতে উল্লেখিত ছাড়পত্রের মধ্যে ১০টি পদ শূণ্য থেকে যায় এবং উক্ত ১০টি পদে নিয়োগের জন্য ১৮/৫/২০১৬ তারিখের প্রথম আলো পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় (২) সাভূসে অধিদপ্তরের ২৭/৮/২০১৫ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৬-১০/শা-২/৪১ নং ছাড়পত্রের মাধ্যমে ০১ জন মোয়াজ্জিন এর শূণ্যপদে নিয়োগের নিমিত্ত ১৮/৫/২০১৬ তারিখের প্রথম আলো পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় (৩) সাভূসে অধিদপ্তরের ১৬/৯/২০১৫ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৬-১০/শা-২/৪৩ নং ছাড়পত্রের মাধ্যমে মোট ১৬টি পদের ছাড়পত্র পাওয়া যায়। কার্যসহকারী পদটি শূণ্য না থাকায় বাকী ১৫টি পদের জন্য ১৮ মে ২০১৬ তারিখের প্রথম আলো পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় (৪) সাভূসে অধিদপ্তরের ১৭/৮/২০১৬ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৬-১০/শা-২/৯৭ নং ছাড়পত্রের মাধ্যমে ১০টি পদের ছাড়পত্র পাওয়া যায় এবং নিয়োগের নিমিত্ত ৫/৯/২০১৬ তারিখের প্রথম আলো ও যুগান্তর পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় । একই সাথে উক্ত বিজ্ঞপ্তির মধ্যে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মেকানিক পদে জনাব হরিলাল বাবু চাকুরী হতে অবসর গ্রহণ করায় তাঁর শূণ্য পদে সাভূসে অধিদপ্তরের ২০১১ সালের এক ছাড়পত্রের মাধ্যমে মেকানিকের শূণ্য পদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উল্লেখ্য উক্ত ছাড়পত্রের আলোকে ২০১৩ সালের ১৭ নভেম্বর ২০১৩ তারিখের যুগান্তর পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় কিন্ত প্রয়োজনীয় সংখ্যক আবেদন না পাওয়ায় উক্ত পদে নিয়োগ দেয়া হয়নি এবং পদটি শূণ্য থেকে যায়। পরবর্তীতে পুনরায় উক্ত পদের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উল্লেখিত পদ সমুহে নিয়োগের জন্য সাভূসে অধিদপ্তরের ১৮ সেপ্টেম্বর ২০০৮ তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/১২৫-৫/শা-২/২৪ নং পত্রের নির্দেশনা মোতাবেক অত্র দপ্তরের ০৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের ৫১নং অফিস আদেশের মাধ্যমে নিম্নবর্ণিতভাবে নিয়োগ কমিটি গঠন করা হয় ঃ-

| | | | |
|---|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট। | -- | সভাপতি |
| ২। | ১ × প্রতিনিধি, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| ৩। | ১× প্রতিনিধি (মেজর সমপদমর্যাদার)<br>স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| ৪। | ১ × প্রতিনিধি, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস।<br>(শুধুমাত্র হাসপাতালের নিয়োগের ক্ষেত্রে) | -- | সদস্য |
| ৫। | চীফ মেডিক্যাল অফিসার (শুধুমাত্র হাসপাতালের নিয়োগের ক্ষেত্রে)<br>সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল | -- | সদস্য |
| ৬। | ১× প্রতিনিধি, ১৩ এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস<br>(শুধুমাত্র ড্রাইভার নিয়োগের ক্ষেত্রে) | -- | সদস্য |
| ৭। | সহকারী সচিব, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য-সচিব |

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৩য় ও ৪র্থ শ্রেণীর বর্ণিত ৩৭টি শূণ্য পদের বিপরীতে নিয়োগের জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট। | -- | সভাপতি |
| ২। | ১ × প্রতিনিধি, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| ৩। | ১× প্রতিনিধি (মেজর সমপদমর্যাদার)<br>স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| ৪। | ১ × প্রতিনিধি, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস।<br>(শুধুমাত্র হাসপাতালের নিয়োগের ক্ষেত্রে) | -- | সদস্য |
| ৫। | চীফ মেডিক্যাল অফিসার (শুধুমাত্র হাসপাতালের নিয়োগের ক্ষেত্রে)<br>সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল | -- | সদস্য |
| ৬। | ১× প্রতিনিধি, ১৩ এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস<br>(শুধুমাত্র ড্রাইভার নিয়োগের ক্ষেত্রে) | -- | সদস্য |
| ৭। | সহকারী সচিব, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য-সচিব |

চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্য বিষয়-৭: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ-

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআইএর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবাদলিলমূলে | বিক্রয়/ হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-২৬, ফ্ল্যাট নং-৪/এ (৪র্থ তলা, (উত্তর পূর্ব পার্শ্ব) রোড নং-০৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস গুলশান আরা চৌধুরী, স্বামী-সেলিম আহমেদ, বাড়ী নং-৪, রোড নং-১৩/এ, সেক্টর নং-৬, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০। | জনাব মোঃ আশরাফ উদ্দিন, পিতা- মরহুম জগত আলী মন্ডল, বর্তমান ঠিকানা-বাড়ী নং-২৯, ফ্ল্যাট নং-৩/এ, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-২৯/০১/২০১৭ | ২৮/১০/২০১৬ তারিখের ২৩.০৫.৫০১.৩০ ০.১০.০২৯.০১.১ ৮.১০.১৬ নং পত্র। | ০৫/১/২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং-২৬/ফ্ল্যাট নং-৪/এ(৪র্থ তলা উত্তর-পূর্ব)/২৩ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১০৯০ বঃফুঃ (নিচ তলায় ০১(এক)টি গাড়ী পার্কিং, এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মান নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |
| ২. | প্লট নং-১৬/সি, ফ্ল্যাট নং-৩০২ (৩য় তলা, পশ্চিম পার্শ্ব) রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব এম এন হুদা, ব্যবস্থাপনা পরিচালক লুসিড ডেভেলপারস লিমিটেড (মিসেস মনোয়ারা চৌধুরী গং এর নিযুক্তীয় আম-মোক্তার) বাড়ী নং-১৬/সি, রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ বেল্লাল হোসেন পিতা-মৃত ছানাউল্লাহ বাড়ী নং-১৬/সি, ফ্ল্যাট নং-৩০২, রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-২০/১২/২০১৫ | ১২/৭/২০১৪ তারিখের ২৩.০১.৯০১.৮ ০০.০৩.০২৯.১ ০.১২.০৭.১৪ নং পত্র। | ০৯/৯/২০১৪ তারিখের ঢাক্যাবো/ক্যা ঃবাঃএঃ/প্লট নং-১৬/সি/ফ্লাট নং-৩০২(৩য়তলা)/১৬ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৫০০ বঃফুঃ (নিচ তলায় ০১(এক)টি গাড়ী পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মান নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬ নং প্লটে নির্মিত বাড়ীর ৪/এ (৪র্থ তলা উত্তর-পূর্ব পার্শ্ব) নং ফ্ল্যাট জনাব মোঃ আশরাফ উদ্দিন, পিতা- মরহুম জগত আলী মন্ডল এবং ১৬/সি নং প্লটে নির্মিত বাড়ীর ৩০২ (৩য় তলা পশ্চিম পার্শ্ব) নং ফ্ল্যাট জনাব মোঃ বেল্লাল হোসেন, পিতা-মৃত ছানাউল্লাহ এর নিকট বিক্রয়/হস্তান্তরের জন্য প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্রের প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদন প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে প্রস্তাবিত ক্রেতাগণ রেজিস্ট্রিকৃত দলিলমূলে ফ্ল্যাট দু'টি ক্রয় করেন। উল্লেখ্য যে, আলোচ্য ফ্ল্যাট দু'টির বাৎসরিক গৃহকর জুন, ২০১৭ পর্যন্ত পরিশোধ করা আছে এবং প্লট দু'টি-তে বরাদ্দের অতিরিক্ত কোন জমি দখলে নেই।

সিদ্ধান্ত : রেজিস্ট্রিকৃত দলিলমূলে ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬ নং প্লটে নির্মিত বাড়ীর ৪/এ (৪র্থ তলা উত্তর-পূর্ব পার্শ্ব) নং ফ্ল্যাট জনাব মোঃ আশরাফ উদ্দিন, পিতা- মরহুম জগত আলী মন্ডল এর নামে এবং ১৬/সি নং প্লটে নির্মিত বাড়ীর ৩০২ (৩য় তলা পশ্চিম পার্শ্ব) নং ফ্ল্যাট জনাব মোঃ বেল্লাল হোসেন, পিতা- মৃত ছানাউল্লাহ এর নামে নামজারীর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৮: ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭২ নং প্লটে নির্মিত বাড়ীর মালিকগণের মধ্যে জনাব আলী ইরতেজার অংশের ফ্ল্যাট নং-এ/৫ ও সি/৪ এর পাওয়ার অব এর্টনী তাঁর বোন জিনাত সুলতানা-কে প্রদানের অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বিশিষ্ট ৭২ নং প্লটের যৌথ মালিক যথাক্রমে (১) জনাব শেখ হাসমত আলী, পিতা- শেখ আব্দুল করিম (২) জনাব আলী করিম, (৩) জনাব আলী ইরতেজা ও (৪) মিসেস জিনাত সুলতানা, সর্বপিতা- শেখ হাসমত আলী। উক্ত প্লটে ডেভেলপার কোম্পানী কর্তৃক ১৫ টি ফ্ল্যাট বিশিষ্ট ০৬(ছয়) তলা ভবন নির্মাণ করা হয়েছে। মালিকগণের মধ্যে জনাব আলী ইরতেজা আমেরিকা প্রবাসী। তিনি তার মালিকানার এ/৫ এবং সি/৪ নং ফ্ল্যাট ০২ টি তাঁর বোন মিসেস জিনাত সুলতানা, স্বামী- ডাঃ মেজর কবিরুদ্দিন-কে আম-মোক্তারনামা প্রদানের অনুমতি চেয়ে কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, লস এ্যাঞ্জেলস এর প্রত্যয়নকৃত কপিসহ ০১ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেছেন।

সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭২ নং প্লটে নির্মিত বাড়ীর ফ্ল্যাট নং- এ/৫ ও সি/৪ এর মালিক জনাব আলী ইরতেজা কর্তৃক তাঁর বোন মিসেস জিনাত সুলতানা-কে পাওয়ার অব এটর্নি প্রদানের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৯: ডেভেলপার কোম্পানী শিখারা ডেভেলপমেন্ট লিমিটেড এর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার নিরাপত্তা জামানত ফেরত প্রদান প্রসংগে।

আলোচনা : শিখারা ডেভেলপমেন্টস্ লিমিটেড কর্তৃক মিরপুর ডিওএইচএস এলাকায় ১৩০৯ নং প্লটে বাড়ী নির্মাণ করার জন্য ডেভেলপার নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) বাবদ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করা হয়েছে। সংশ্লিষ্ট প্লটে বাড়ী নির্মাণ কাজ সম্পন্ন করে বাড়ীর মালিককে বুঝিয়ে দিয়েছেন মর্মে ছাড়পত্রসহ জামানত বাবদ জমাকৃত ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা ফেরত চেয়ে ০৭ আগস্ট, ২০১৬ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করা হয়। উক্ত আবেদনপত্রটির বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ডের ০৪ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের ঢাক্যাবো/ ডেভোঃ/শিখারাডেভেঃলিঃ/৭২ নং পত্রে উক্ত প্রতিষ্ঠানের ব্যাপারে প্লট মালিক/ফ্ল্যাট ক্রেতাদের কোন প্রকার অভিযোগ/আপত্তি আছে কিনা তা অবহিত করার জন্য সামরিক ভূ- সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাসকে অনুরোধ করা হয়। এপ্রেক্ষিতে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাস ২৪ সেপ্টেম্বর ২০১৬ তারিখের বিডি/এলসি/৩১১৩/২০১১/১৩০৯/৯ নং পত্রে উক্ত প্লটে ডেভেলপার প্রতিষ্ঠানের ব্যাপারে প্লট মালিক/ফ্ল্যাট ক্রেতার কোন প্রকার অভিযোগ/আপত্তির বিষয়ে তথ্য নেই মর্মে জানানো হয়।

সিদ্ধান্ত : ডেভেলপার কোম্পানী শিখারা ডেভেলপমেন্ট লিমিটেড এর জমাকৃত ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার নিরাপত্তা জামানত ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১০: ঢাকা সেনানিবাসের চলাচলের জন্য ৩০ (ত্রিশ)টি রিক্সা লাইসেন্স প্রদানের জন্য মোঃ মতিউর রহমান এর আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : জনাব মোঃ মতিউর রহমান ১০ ডিসেম্বর ২০১৬ তারিখে মানবিক কারণে সেনানিবাস এলাকায় রিকশা চলাচলের নিমিত্তে ৩০ টি রিকশালাইসেন্স প্রদানের জন্য আবেদন করেন। উক্ত আবেদনপত্রটি ১৪ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-২০ এর মাধ্যমে উপস্থাপন করা হলে ৬০ টি (ষাট) নতুন রিক্সার লাইসেন্স এর সাথে জনাব মোঃ মতিউর রহমান এর নামে ০১ (এক)টি রিক্সা লাইসেন্স বরাদ্দ হয়। পরবর্তীতে তিনি পুনরায় ৩০ (ত্রিশ) টি লাইসেন্স প্রাপ্তির জন্য একই আবেদনের সাথে ৩০ জন রিক্সা ড্রাইভারে নামের তালিকা সংযুক্ত করেন।

সিদ্ধান্ত : বিষয়টি পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১১: রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের মোট ২৬৮ টি মেয়াদোত্তীর্ণ দোকান পুনঃবরাদ্দ প্রসংগে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের ৩০ বছর, ১০ বছর, ০৫ বছর, ০৩ বছর মেয়াদী মোট ২৬৮ টি দোকানের মেয়াদ বিভিন্ন তারিখে উত্তীর্ণ হয়ে গিয়েছে। বর্তমানে রজনীগন্ধা সুপার মার্কেটটি ভেঙ্গে আধুনিক মার্কেট নির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ইতোপূর্বে ২৭ অক্টোবর ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১২ এর মাধ্যমে ৫৭ টি দোকান এবং ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৭ নং এর মাধ্যমে ২৬৬ টি দোকানসহ মোট (৫৭+২৬৬) = ৩২৩ টি মেয়াদোত্তীর্ণ মাসিক ভাড়ার সাথে বাৎসরিক ২৫,০০০/-টাকা সালামী মাসিক হারে আদায় পূর্বক নতুন মার্কেট নির্মাণ কাজ শুরু করার পূর্ব পর্যন্ত ব্যবসা পরিচালনার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে রজনীগন্ধা সুপার মার্কেটের মেয়াদোত্তীর্ণ দোকানসমূহ হতে ভাড়া এবং সালামীর অর্থ মাসিক ভিত্তিতে আদায় করা হচ্ছে।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের পূর্বের মেয়াদোত্তীর্ণ (৫৭+২৬৬) = ৩২৩ টি দোকান এবং বর্তমানে ২৬৮ টি দোকানসহ সর্বমোট ৫৯১ টি দোকান (পরিশিষ্ট-'খ') নিম্নোক্ত হারে সালামী ও ভাড়া আদায়ের ভিত্তিতে ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত মেয়াদ বর্ধিত/পুনঃবরাদ্দ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

১. প্রতিটি দোকানের সালামী ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।
২. দোকানের মাসিক ভাড়া প্রতি বর্গফুট ৫০/- (পঞ্চাশ) টাকা।

আলোচ্য বিষয়-১২: রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের ভাড়ার চুক্তি নবায়নের বিষয়ে জনতা ব্যাংক লিমিটেড, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাসের ২২ মার্চ, ২০১৭ তারিখের রজনীগন্ধা/মোআহোতা/শাখা ভবন/ভাড়া চুক্তি/নবায়ন/১৭ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত ৩,৩৩৯ বর্গফুট বিশিষ্ট ভবনটি ০১ জুলাই,২০১২ তারিখ হতে ৩০ জুন,২০১৫ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য প্রতি বর্গফুট ৪০/-(চল্লিশ) টাকা হিসেবে মাসিক ১,৩৩,৫৬০/-টাকায় জনতা ব্যাংক লিঃ, রজনীগন্ধা সুপার মার্কেট শাখার নিকট ভাড়া প্রদান করা হয়। উক্ত ভাড়ার মেয়াদ উত্তীর্ণ হওয়ায় গত ০৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৩০ এর সিদ্ধান্তের আলোকে প্রতি বর্গফুট ৫০/-(পঞ্চাশ) টাকা হারে মাসিক ১,৬৬,৯৫০/-(এক লক্ষ ছেষট্রি হাজার নয়শত পঞ্চাশ) টাকায় ০১ জুলাই ২০১৫ তারিখ হতে ৩০ জুন ২০১৭ তারিখ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য ভাড়ার মেয়াদ বৃদ্ধি করা হয়। উল্লেখ্য যে, উক্ত নির্ধারিত ভাড়া হতে ৫% উৎসকর কর্তন করে ব্যাংক কর্তৃপক্ষ ১,৫৮,৬০২.৫০ (এক লক্ষ আটান্ন হাজার ছয়শত দুই টাকা পঞ্চাশ পয়সা) টাকা ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করেন। আগামী ৩০ জুন ২০১৭ তারিখে ভাড়ার চুক্তির মেয়াদ উত্তীর্ণ হবে। জনাব মোঃ আনোয়ার হোসেন তালুকদার, সহকারী মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিঃ, রজনীগন্ধা সুপার মার্কেট কর্পোরেট শাখা, ঢাকা ২২ মার্চ, ২০১৭ তারিখে রজনীগন্ধা/মোআহোতা/শাখা ভবন/ভাড়া চুক্তি/নবায়ন/১৭ নং পত্রে ভাড়ার চুক্তি মেয়াদ নবায়ন করার জন্য অত্র দপ্তরকে অনুরোধ করেছেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংক ভবনটি প্রতি বর্গফুট মাসিক ১০০/- (একশত) টাকা ভাড়ায় ০১ জুলাই, ২০১৭ তারিখ হতে ৩০ জুন, ২০১৯ তারিখ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য ভাড়া প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৩: মহাখালী ডিওএইচএস এর ২৭ নং রোডে অবস্থিত ক্যান্টনমেন্ট বোর্ডের মালিকানাধীন পুরাতন ভবনে ট্রাষ্ট ব্যাংক কর্তৃক এটিএম বুথ ও সার্ভিস সেন্টার স্থাপনের জন্য ২৫৪ বর্গফুট স্থান বরাদ্দের জন্য মহাখালী ডিওএইচএস পরিষদের ২২ মার্চ, ২০১৭ তারিখের ডিওএইচএস-মহা/১১৭/১৭ নং পত্রের সাথে প্রেরিত আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মহাখালী ডিওএইচএস এলাকার ২৭ নং রোডে অবস্থিত ক্যান্টনমেন্ট বোর্ডের মালিকানাধীন 'সি' শ্রেণীভূক্ত জমিতে একটি ভবন রয়েছে। উক্ত ভবনটি ইতোপূর্বে মহাখালী ডিওএইচএস পরিষদের কার্যালয় হিসেবে ব্যবহার করা হয়ে আসছিল। বর্তমানে ভবনটি খালি অবস্থায় আছে। উক্ত ভবনে ট্রাষ্ট ব্যাংক লিমিটেড কর্তৃক এটিএম বুথ ও সার্ভিস সেন্টার স্থাপনের জন্য ২৫৪ বর্গফুট স্থান বরাদ্দের নিমিত্তে মহাখালী ডিওএইচএস পরিষদের ২২ মার্চ, ২০১৭ তারিখের ডিওএইচএস-মহা/১১৭/১৭ নং পত্রের সাথে আবেদনপত্রটি দপ্তরে প্রেরণ করেন। উল্লেখ্য যে, ০৩ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৮ এর সিদ্ধান্তের মাধ্যমে সেনানিবাস এলাকায় (ক্যান্টনমেন্ট বাজার এলাকা, পোস্ট অফিস এবং রজনীগন্ধা সুপার মার্কেটের জনতা ব্যাংক সংলগ্ন স্থান) ইস্টার্ণ ব্যাংক লিমিটেড-কে মাসিক প্রতি বর্গফুট ৩৫০/-(তিনশত পঞ্চাশ) টাকা হারে ভাড়ায় এবং বার্ষিক ট্রেড লাইসেন্স ফি ২৫,০০০/-(পচিশ হাজার) টাকায় ০২ টি এটিএম বুথ স্থাপনের অনুমতি প্রদান করা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে মহাখালী ডিওএইচএস এলাকার ২৭ নং রোডে অবস্থিত ক্যান্টনমেন্ট বোর্ডের মালিকানাধীন ভবনের ২৫৪ বর্গফুট স্থান ট্রাষ্ট ব্যাংক লিমিটেড-কে মাসিক প্রতি বর্গফুট ১০০/- (একশত) টাকা ভাড়ায় বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৪: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ১৩টি দোকান/স্পেসের ইজারা দর অনুমোদন প্রসংগে।

আলোচনা : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৫১(একান্ন)টি দোকান/স্পেস ইজারার নিমিত্তে দৈনিক প্রথম আলো, দৈনিক যুগান্তর এবং দি ডেইলী অবজারভার পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ০১ মার্চ ২০১৭ তারিখে দরপত্র আহবান করা হয়। উক্ত তারিখে তলা ভিত্তিক ১৩ টি দোকানের বিপরীতে মোট ১৭(সতের) টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরসমূহ দরপত্র যাচাই-বাছাই কমিটি কর্তৃক যাচাইয়ান্তে সর্বোচ্চ দর এবং দোকান/স্পেস এর বিবরণ নিম্নে প্রদত্ত হলো ঃ-

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১। | সাজেদা আক্তার<br>পিতা-মোঃ সিরাজুল ইসলাম | ১ম তলা (কমার্শিয়াল স্পেস) | ১৭২২ | ১৭,০০০/- | ১৮,৫০০/- | ৩,১৮,৫৭,০০০/- | ২ টি |
| ২। | জনাব মোঃ সেন্টু তালুকদার<br>পিতা-হাজী মোঃ মতিউর রহমান তালুকদার | ১ম তলা-৪৪ | ১৬৮.৫৯ | ১৭,০০০/- | ১৮,৬১০/- | ৩০,৬৩,০১৯.৯০ | ১ টি |
| ৩। | জনাব শেখ মনিরুজ্জামান<br>পিতা-মরহুম শেখ মোমজেদ হোসেন | ২য় তলা কমার্শিয়াল স্পেস | ১৭৪৭.৫৭ | ১৬,০০০/- | ১৬,৭০০/- | ২,৯১,৮৪,৪১৯/- | ২ টি |
| ৪। | জনাব মোঃ হাফিজুল ইসলাম<br>পিতা-মৃত মোঃ জহুরুল ইসলাম | ৬ষ্ঠ তলা ২৬/এ | ৮৭.৩২ | ১২,০০০/- | ১২,৭৫০/- | ১১,১৩,৩৩০/- | ১ টি |
| ৫। | অমল হালদার<br>পিতা-মনিদ্র হালদার | ৬ষ্ঠ তলা ২৮ | ১৬১.৭৬ | ১২,০০০/- | ১২,০০০/- | ১৯,৪১,১২০/- | ১ টি |
| ৬। | জনাব মোঃ ইকবাল হোসেন<br>পিতা-মৃত সৈয়দ আহমেদ | ৬ষ্ঠ তলা ৩১ | ৯১.৫৮ | ১২,০০০/- | ১২,৫০০/- | ১১,৪৪,৭৫০/- | ২ টি |
| ৭। | সাজেদা আক্তার<br>পিতা-মোঃ সিরাজুল ইসলাম | ৭ম তলা কমার্শিয়াল স্পেস | ১৭৪৭.৫৭ | ১২,০০০/- | ১২,৬০০/- | ২,২০,১৯,৩৮২/- | ১ টি |
| ৮। | তানভীর আহম্মেদ<br>পিতা-মৃত তোফায়ের আহম্মেদ | ৭ম তলা ৭ | ১৪৩.৬৬ | ১২,০০০/- | ১২,১০০/- | ১৭,৩৮,২৮৬/- | ০১ টি |
| ৯। | জনাব মোঃ সেন্টু তালুকদার<br>পিতা-হাজী মোঃ মতিউর রহমান তালুকদার | ৭ম তলা ২২ | ১২৮.৫০ | ১২,০০০/- | ১২,১১০/- | ১৫,৫৬,১৩৫/- | ০১ টি |
| ১০। | বিগ্রে জেনাঃ (অবঃ) মোহাম্মদ শহীদ খুরশীদ আলম<br>পিতা-মৃত মোঃ ইসরাইল হোসেন | ৭ম তলা ২৪ | ১২৮.৫০ | ১২,০০০/- | ১২,০০০/- | ১৫,৪২,০০০/- | ০১ টি |
| ১১। | জনাব মোঃ সেন্টু তালুকদার<br>পিতা-হাজী মোঃ মতিউর রহমান তালুকদার | ৯ম তলা ১১ | ১১৩.৩৩ | ১২,০০০/- | ১৪,১১০/- | ১৫,৯৯,০৮৬.৩০ | ০২ টি |
| ১২। | খাঁন মোঃ আক্তারুজ্জামান<br>পিতা-খাঁন মোঃ আয়ুব আলী | ১০ম তলা রেস্টুরেন্ট | ৭৯৫০ | ১২,০০০/- | ১২,৫০০/- | ৯,৯৩,৭৫,০০০/- | ০১ টি |
| ১৩। | খাঁন মোঃ আক্তারুজ্জামান<br>পিতা-খাঁন মোঃ আয়ুব আলী | ১১তম তলা রেস্টুরেন্ট | ৬৫৪১ | ১২,০০০/- | ১২,৪০০/- | ৮,১১,০৮,৪০০/- | ০১ টি |

২। ক্রমিক নং-৭, ১২ ও ১৩ এ উল্লেখিত ৭ম তলা (কমার্শিয়াল স্পেস), ১০ম তলা (রেষ্টুরেন্ট) ও ১১তম তলা (রেষ্টুরেন্ট) এর বিপরীতে দর দাখিলকারীগণ ১৫/৪/২০১৭ তারিখের আবেদনে দোকান গ্রহণে অপারগতা প্রকাশ করে দরপত্রের সাথে ১ লক্ষ টাকা করে জমাকৃত নিরাপত্তা জামানত ফেরত চেয়েছেন।

৩। ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৬, ৮, ৯, ১০ ও ১১ এ উল্লেখিত ১০টি দোকান/স্পেসের বিপরীতে প্রদত্ত দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকান ইজারার বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

১. ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৬, ৮, ৯, ১০ ও ১১ উল্লেখিত মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকানসমূহের বিপরীতে প্রাপ্ত দর অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

২. ক্রমিক নং-৭, ১২ ও ১৩ এর বিপরীতে দর দাখিলকারীদের আবেদনের প্রেক্ষিতে উক্ত দরপত্র বাতিল করা হলো এবং এর বিপরীতে জমাকৃত জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩. মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ১০ম ও ১১তম তলার স্পেস ভাড়া প্রদানের জন্য বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারের সিদ্ধান্ত গৃহীত হলো।

৪. মার্কেটের অন্যান্য অবিক্রিত দোকান/স্পেস ইজারার জন্য বিধি মোতাবেক দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৫: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/ই নং প্লটে নির্মিত বাড়ীর এ/৪, এ/৫ ও এ/৬ নং ফ্ল্যাটের মালিক মিসেস রোখাইয়া ওরফে রোকাইয়া ফতেহ আলী কর্তৃক তদীয় দুই নাতনীকে রেজিষ্ট্রিকৃত হেবা দলিল মূলে দান করার অনুমতি প্রসংগে।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের ৬৮৮৫ বর্গফুট বা ৯.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৩০/ই নং প্লটটির বর্তমান রেকর্ডীয় মালিক মিসেস রোখাইয়া ওরফে রোকাইয়া ফতেহ আলী, স্বামী-ফতেহ আলী। উক্ত প্লটে ডেভেলপার কোম্পানী কর্তৃক ১৫(পনের) টি ফ্ল্যাট বিশিষ্ট ০৭(তলা) ভবন নির্মাণ করা হয়েছে। নির্মিত ভবনের মালিক মিসেস রোখাইয়া ওরফে রোকাইয়া ফতেহ আলী এর অংশের এ/৪ নং ফ্ল্যাটটি তাঁর নাতনী খাদিজা জিয়াউদ্দিন, পিতা- কে. জিয়াউদ্দিন-কে এবং এ/৫ ও এ/৬ নং ফ্ল্যাট ০২টি নাতনী ইনসিয়াহ খোজাইমা জিয়াউদ্দিন, পিতা-খোজাইমা জিয়াউদ্দিন-কে হেবা/দান করার অনুমতি চেয়ে ০৪ এপ্রিল ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/ই নং প্লটে নির্মিত বাড়ীর এ/৪ নং ফ্ল্যাটটি খাদিজা জিয়াউদ্দিন, পিতা- কে. জিয়াউদ্দিন-কে এবং এ/৫ ও এ/৬ নং ফ্ল্যাট দু'টি ইনসিয়াহ খোজাইমা জিয়াউদ্দিন, পিতা-খোজাইমা জিয়াউদ্দিন-কে রেজিস্ট্রিকৃত দলিলমূলে দান করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৬: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র: নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | (ক) লেঃ কর্ণেল (অবঃ) পরিমল বিকাশ চাকমা<br>(খ) লেঃ কর্ণেল (অবঃ) শহীদ জাহাঙ্গীর | ২৮২<br>২৮৪ | মিরপুর ডিওএইচএস | ০২/৪/১৭ | সংশোধিত ০৬ তলা ভবন (অভ্যন্তরীন পরিবর্তন: ২৮২ ও ২৮৪ নং প্লটের ২য় তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিটে রূপান্তর) |
| ২। | গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) মঈনুদ্দিন আহমেদ | ৩৬৬ | মিরপুর ডিওএইচএস | ২৪/৪/১৭ | সংশোধিত ০৭ (সাত) তলা (খালি প্লট) |
| ৩। | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ মামুন আর রশিদ | ৪৪২ | মিরপুর ডিওএইচএস | ০২/৪/১৭ | সংশোধিত ০৬ তলা (অভ্যন্তরীন পরিবর্তন: ৫ম ও ৬ষ্ঠ তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট) |
| ৪। | (১) নাসরিন মমতাজ চৌধুরী<br>স্বামী- মোঃ আক্তারুজ্জামান<br>(২) মঈন উদ্দিন হাসান<br>পিতা- মোঃ আক্তারুজ্জামান | ৪৮৮ | মিরপুর ডিওএইচএস | ১৭/৪/১৭ | সংশোধিত ০৭ তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫। | কর্ণেল মোঃ হাফিজুর রহমান | ৯৭৯ | মিরপুর ডিওএইচএস | ০৯/৪/১৭ | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন: ৫ম ও ৬ষ্ঠ তলা ডুপ্লেক্স এর পরিবর্তে অন্যান্য ফ্লোরের ন্যায়) |
| ৬। | মেজর(অবঃ) জহির উদ্দিন মোহাম্মদ বাবর | ১১১৩ | মিরপুর ডিওএইচএস | ০৬/৩/১৭ | সংশোধিত ০৭ তলা |
| ৭। | মেজর (অবঃ) মোঃ আব্দুর রশীদ | ১০১৪ | মিরপুর ডিওএইচএস | ২৪/৪/১৭ | সংশোধিত ০৭ তলা (১ম তলা থেকে ৭ম তলা পর্যন্ত রুমের আভ্যন্তরীন পরিবর্তন) |
| ৮। | মিসেস মনিকা রায়হান গং<br>স্বামী-মরহুম লেঃ কর্ণেল মোহাম্মদ মোসাব্বির রহমান, পিএসসি | ৩১৭ | মহাখালী ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন (পুরাতন ৩ তলা ভবন ভেঙ্গে নতুন ৭ তলা ভবন নির্মাণ) |
| ৯। | ডাঃ জাহাঙ্গীর কবির | ৬০/ডি | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ডিজিএফ আই ছাড়পত্র নং-২৩.০১.৯০১.৮০০.০৩.১২০.০১, তাং-৯/২/১৭ | নতুন ০৭ (সাত) তলা ভবন |
| ১০। | জনাব মোঃ বাবুল আক্তার গং | সিবি-২৫১ | কচুক্ষেত পুরান বাজার এলাকা | | নতুন ০৭ (সাত) তলা ভবন |
| ১১। | (১) বেগম শেফালী আক্তার<br>(২) জনাব মোঃ জাহাঙ্গীর মোল্লা<br>(৩) বেগম নাজনীন আক্তার<br>(৪) জনাব মোঃ মহিউদ্দিন মোল্লা | সিবি-১ | মৌজা- লালাসরাই, সিএস- ৪৪ (অংশ), ধামালকোট | | নতুন ০৫তলা ভবন |
| ১২। | জনাব মোঃ মনিরুল ইসলাম গং | সিবি-১৯৯/৩-এ | মৌজা- লালাসরাই | | নতুন ০৭ (সাত) তলা ভবন |

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস ও কচুক্ষেত এলাকার ১২টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভায় জানানো হয়।

সিদ্ধান্ত : ১৬.১। Land point of view-তে ডিওএইচএসসমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের এবং অন্যান্য এলাকার ক্ষেত্রে অত্র বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-১৬ এর ক্রমিক নং-২, ৬, ৮, ৯, ১০, ১১ ও ১২ এর ০৭টি প্লটে ০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন/সংশোধিত ভবন নির্মাণের নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

১৬.২। ক্রমিক নং-১, ৩, ৫ ও ৭ এ উল্লিখিত ০৪ (চার)টি ভবনের আভ্যন্তরীন পরিবর্তনের নকশা যদি কোন অননুমোদিত নির্মাণ থাকে তবে তা অপসারণ সাপেক্ষে অনুমোদন করা হলো।

১৬.৩। ক্রমিক নং-৪ এ উল্লেখিত মিরপুর ডিওএইচএস এর ৪৮৮ নং প্লটের ভার্টিক্যাল এক্সটেনশনের নকশাটি এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কারিগরী ভেটিং বাবদ এমআইএসটির যাবতীয় ব্যয় প্লট মালিককে বহন করতে হবে।

আলোচ্য বিষয়-১৭: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| *ক্রমিক নং* | *কাজের নাম* | *মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্‌, ২০১২ অনুযায়ী (টাকা)* | *ব্যয়ের খাত* | *মন্তব্য* |
|---|---|---|---|---|
| ১। | রজনীগন্ধা সুপার মার্কেটের সামনে গাড়ি পার্কিং এর জায়গায় গাইড ওয়াল পুন:নির্মাণ ও গ্রীল স্থাপন। | ২,৪৮,৪৩৮/- | বাজারের মেরামত খাত | |
| ২। | মিরপুর ডিওএইচএস এর এভিনিউ-১, ৩, ৩, ৪, ৬ এর নিরাপত্তা বাতির কন্ট্রোল বক্স পরিবর্তন কাজ। | ৮১,৪৩৬/- | সংশ্লিষ্ট ডিওএইচএস তহবিল | মিরপুর ডিওএইচএস পরিষদের পত্রের প্রেক্ষিতে |
| ৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ ও ৪ নং পানির পাম্পের ট্রান্সফরমারের তেল পরিবর্তন ও সার্ভিসিংকরণ কাজ। | ১,৬৫,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (পানি) | |
| ৪। | রজনীগন্ধা সুপার মার্কেটের সাব-স্টেশনের পুরাতন ৮০০ এম্পস্‌ সার্কিট ব্রেকার পরিবর্তন করে নতুন একটি ৮০০ এম্পস্‌ সার্কিট ব্রেকার স্থাপন কাজ। | ১,৩৮,৭৩৯/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৫। | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২য় ও ৩য় তলার বারান্দা, করিডোর, সিঁড়ি এবং অন্যান্য রুমের রংকরণ কাজ। | ২,০৮,৪৭৫/- | অনুদান | |
| ৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯ নং রোডের স্টীলের গেইট অপসারণ করে দেয়াল নির্মাণসহ ৭ এবং ১০ নং রোডের ড্রেন মেরামত ও স্লাব নির্মাণ কাজ। | ৫৯,৫৫৭/- | নর্দমা খাত | |
| ৭। | এমপি ইউনিটের জন্য ১২টি স্টীলের ছাতা, ৪৫টি গতিসীমা, ইউটার্ন বোর্ড, ৫০টি পরিচয়পত্র দৃশ্যমান রাখার বোর্ড এবং ২০টি রোটারী লাইট মেরামত কাজ। | ৫,২১,৫৩০/- | বোর্ড তহবিল/ অনুদান | ১৩ এমপি ইউনিটের ২১/৩/২০১৭ তারিখের পত্র, ২০/৩/২০১৭ তারিখের পত্র, ২১/৩/২০১৭ তারিখের ০২টি পত্র এবং স্টেশন সদর দপ্তরের ১৩/৩/২০১৭ তারিখের পত্র। |
| ৮। | সেনাসদরের অগ্রযাত্র গেইটের পূর্বে রেল লাইনের পার্শ্বে কাটা তারের বেড়া পুনঃনির্মাণ কাজ। | ৫,৬৮,৫৯৫/- | বোর্ড তহবিল/ অনুদান | |
| ৯। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে ১৬টি সিসি ক্যামেরা, এনভিআর ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন কাজ। | ৩,৫৭,৫০০/- | বোর্ড তহবিল | |
| ১০। | বারিধারা ডিওএইচএস এলাকার প্রধান সড়কের স্কুল গেইট হতে অনন্যা শপিং কমপ্লেক্স পর্যন্ত রাস্তা কার্পেটিং কাজ। | ১,১৬,১৪,০৩২/- | বারিধারা ডিওএইচএস বিবিধ তহবিল/ বোর্ড ফান্ড | |
| ১১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ নং রোডে ক্যাডেট কলেজ ভবনের সম্মুখে রাস্তা সম্প্রসারণ ও ড্রেন নির্মাণ কাজ। | ১,৯১,৮০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তা-ঘাট) | |
| ১২। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের প্রশাসনিক ভবনের সম্মুখে ওয়েদারকোটসহ মেরামত কাজ। | ৯৯,০০০/- | বিদ্যালয় তহবিল | |
| ১৩। | বারিধারা ডিওএইচএস এলাকায় অনন্যা শপিং কমপ্লেক্স হতে দক্ষিণ দিকে বারিধারা গেইট পর্যন্ত রাস্তার পূর্ব পার্শ্বের নিরাপত্তা দেয়াল উঁচুকরণ। | ১১,৭৬,৮৪০/- | বারিধারা ডিওএইচএস বিবিধ/বোর্ড তহবিল | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪। | ক্যান্টনমেন্ট পোষ্ট অফিসের জন্য জিই (আর্মি) সেন্ট্রাল হতে পিভিসি পাইপ দ্বারা পানির লাইন স্থাপন কাজ। | ৩০,৬৫৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (পানি) | |

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিকদের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত : আলোচ্য বিষয়-১৭ এর ১৪টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১, ৩, ৪, ১১ ও ১৪ এ বর্ণিত মোট ০৫ (পাঁচ) টি প্রকল্পের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-২, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১২ ও ১৩ এ বর্ণিত মোট ০৯ টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৮: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| *ক্রঃ নং* | *কাজের বিবরণ* | *অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা)* | *Responsive Tenderer* | *উদ্ধৃত দর (টাকা)* | *ব্যয়ের খাত* | *মন্তব্য* |
|---|---|---|---|---|---|---|
| ১। | রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টারে ০২টি গোলপোস্টে নেট সরবরাহ, শিশুপার্কে মেরি গো রাউন্ড পুনঃস্থাপন, বনানী আশালতা পার্কে দোলনা পুনঃ স্থাপন এবং ইউসুফ রোড, আশালতা, জিয়া কলোনী, মান্নান লাইন, সেনাপল্লী এলাকার শিশুপার্ক সমূহের সিট, পাইপ, চেইন ওয়েল্ডিং ও রংকরণ কাজ। | ১,৬৮,০০০/- | মেসার্স এস এস ট্রেডার্স | ১,৬৮,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতালে পুরাতন ভবনের দেয়ালে টাইলস স্থাপনসহ রংকরণ, ২টি ওয়াটার পিউরিফায়ার, ০১টি গিজার, এসি মেরামত, বৈদ্যুতিক ও স্যানিটারী কাজ। | ৫,৬৬,০৫৬/- | মেসার্স একটিভ এন্টারপ্রাইজ | ৫,৯১,৫২৮/৫২ | হাসপাতালের নৈমিত্তিক খাত | |
| ৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডস্থ ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৬৪/ডি(২য় তলা পূর্ব পার্শ্ব) এর বৈদ্যুতিক জরাজীর্ণ তার পরিবর্তন করে নতুন করে প্লাষ্টিক চ্যানেল দ্বারা ওয়্যারিংকরণ কাজ। | ৮১,৫৩৯/- | মেসার্স এস এস ট্রেডার্স | ৮১,৫৩৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের ৬৪/এ নং ভবনের বাহির পার্শ্ব ওয়েদারকোটকরণ কাজ। | ১,৯৮,৭০২/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ১,৯৮,৭০২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের ৬৪/এ নং ভবনের নিচতলা পূর্ব পার্শ্ব মেরামত ও রংকরণ কাজ। | ১,৩৮,৭৬৫/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ১,৩৮,৭৬৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৮ নং রোডের ৫২/এ নং ভবনের ১৯ নং ফ্ল্যাট মেরামত ও রংকরণ কাজ। | ৩৯,৬৯৬/- | মেসার্স আর এস এন্টারপ্রাইজ | ৩৯,৬৯৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডস্থ ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৬৫/ডি-১৮ সংস্কার, মেরামত ও রংকরণ কাজ। | ৬৯,২৯৫/- | মেসার্স আর এস এন্টারপ্রাইজ | ৬৯,২৯৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের ৬৫/ডি-৪ নং স্টাফ কোয়ার্টারের সংস্কার/মেরামত ও রংকরণ কাজ। | ১,১২,৯১৪/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ১,১২,৯১৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৯। | রজনীগন্ধা সুপার মার্কেটের কসাইখানা এবং হার্ডস্ট্যান্ড সংলগ্ন ড্রেন মেরামতসহ নতুন স্ল্যাব নির্মাণ কাজ। | ৮০,০৮০/- | মেসার্স পাপন এন্টারপ্রাইজ | ৮৩,৬৮৩/৬০ | মার্কেটের মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১০। | আর্মি এমপি ইউনিটের জন্য স্টীলের তৈরি ১০টি গতি মাত্রার নিয়ন্ত্রণ বোর্ড (সাইজ: ৪-০´´×৩-০´´, উচ্চতা ৬-০´´) হানিকম্ব স্টীকার দ্বারা লিখাসহ (উভয় পার্শ্বে ) সরবরাহ ও স্থাপন কাজ। | ১,৩৬,৭৭৫/- | মেসার্স এস আই এন্টারপ্রাইজ | ১,৩৬,৭৭৫/- | বোর্ড তহবিল | |
| ১১। | আর্মি এমপি ইউনিটের চাহিদা অনুযায়ী এমপি চেকপোষ্টসমূহের জন্য ১১টি সতর্কীকরণ বোর্ড এবং রাস্তায় লাগানোর জন্য ১৬টি বোর্ড (সাইজ: ১৬´´×২৬´´, উচ্চতা: ৪-৬´´) হানিকম্ব স্টীকার দ্বারা উভয় পার্শ্বে লিখাসহ সরবরাহ ও স্থাপন কাজ। | ১,৩৩,৯৪২/- | মেসার্স কাকলী স্যানিটারী | ১,৩৩,৯৪২/- | বোর্ড তহবিল | |
| ১২। | সেনানিবাসের বিভিন্ন স্থানে ট্রাফিক নির্দেশিকা সম্বলিত ০৮টি ইলেক্ট্রনিক তথ্য বোর্ড স্থাপন কাজ। | ১,৩৬,০০০/- | মেসার্স এস আই এন্টারপ্রাইজ | ১,৩৬,০০০/- | বোর্ড তহবিল | |
| ১৩। | বারিধারা ডিওএইচএস এলাকার সংযোগ সড়কের আন্ডার গ্রাউন্ড বৈদ্যুতিক লাইন পরিবর্তণ করে নতুন এলুমিনিয়াম ইনসুলেটেড তার দ্বারা ওভারহেড লাইন স্থাপন কাজ। | ৯,৭৭,৬০৯/- | মেসার্স এসআই এন্টারপ্রাইজ | ৯,৭৭,৬০৯/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/ বোর্ড তহবিল | |
| ১৪। | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-৬, বাড়ি নং-৩৬৫/১০ ও রোড নং-১২, বাড়ি নং-৫৪০/৭ সংলগ্ন এবং সংযোগ সড়কে ভেঙ্গে যাওয়া পোল পরিবর্তন করে নতুন ০৪টি বৈদ্যুতিক পোল সরবরাহ ও স্থাপন কাজ। | ১,০০,৮১৩/- | মেসার্স এএন্ডএম এন্টারপ্রাইজ | ১,০০,৮১৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/বোর্ড তহবিল | |
| ১৫। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের পুরাতন ভবনের পিছন পার্শ্বে ও দক্ষিণ পার্শ্বে আস্তর দ্বারা মেরামতসহ ওয়েদারকোটকরণ কাজ। | ১,৪৫,৬২১/- | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ১,৪৫,৬২১/- | বিদ্যালয়ের মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৬। | বালুঘাট এলাকায় বিদ্যমান নিরাপত্তা বাতির পুরাতন টিউব লাইট সেড পরিবর্তন করে নতুন টিউব লাইট সেড স্থাপন কাজ। | ৩,৯৬,৩৮৪/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ (মনিপুরীপাড়া) | ৩,৯৬,৩৮৪/- | বোর্ড তহবিল | |
| ১৭। | শহীদ সরণিস্থ ক্যাপ্টেন বেকারীর পশ্চিম পার্শ্ব হতে উত্তর দিকে হাজী মহসিন বাসস্টপ পর্যন্ত ফুটপাতের পেভড টাইলস ও স্ল্যাব ভেঙ্গে ড্রেন পরিস্কারসহ ময়লা অপসারণ এবং ফুটপাত মেরামত কাজ। | ১,৯৯,০০০/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ (মিরপুর-১৪) | ১,৯৯,০০০/- | নর্দমা খাত | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ডিজিএফআই ঢাকা ডেইট এর পিছনে ড্রেন, ৪, ৮, ৯ এবং ১০ নং রোডের ড্রেন সংস্কারসহ পরিস্কারকরণ কাজ। | ৯৮,৫০০/- | মেসার্স এসএস এন্টারপ্রাইজ | ৯৮,৫০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৯। | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ থাই গার্ডেনের উত্তর পার্শ্বে উদ্ধারকৃত জায়গা টিনের বেড়া দ্বারা ঘেরাও কাজ। | ৫,২৯,৮২৫/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৫,২৯,৮২৫/- | দোকানের সালামী হতে | |
| ২০। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের রোড নং-৩৮/এ আংশিক (এভিনিউ-৭) উচ্চতা বৃদ্ধিসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ৩,৬৫,৪২৭/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ (এনায়েত সিকদার) | ৩,৬৫,৪২৭/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/বোর্ড তহবিল | |
| ২১। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের ১৮/এ নং রোডের পাইপ ড্রেনের (৪-০˝ ডায়া) পিট উঁচুকরণ ও ড্রেন পরিস্কারকরণ ও মেরামত কাজ। | ৫,০৪,৬৮৩/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৫,০৪,৬৮৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/ বোর্ড তহবিল | |
| ২২। | মিরপুর ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডের স্পীড ব্রেকার রংকরণ কাজ। | ২,৩৪,৪০৪/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ২,৩৪,৪০৪/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/ বোর্ড তহবিল | |
| ২৩। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের ১৯ নং রোডের পাইপ ড্রেনের (২-০˝ ডায়া) পিট উঁচুকরণ ও ড্রেন পরিস্কারকরণ ও মেরামত কাজ। | ১,৪৪,৫৪৬/- | দি এসোসিয়েটস্ | ১,৪৪,৫৪৬/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/ বোর্ড তহবিল | |
| ২৪। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের ২৪ ও ৩৪ নং রোডের পাইপ ড্রেনের (২-০˝ ডায়া) পিট উঁচুকরণ ও ড্রেন পরিস্কার ও মেরামত কাজ। | ৬,৭৬,৬৮৪/- | মেসার্স ঢাকা রাইস এজেন্সী | ৬,৭৬,৬৮৪/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/ বোর্ড তহবিল | |
| ২৫। | বনানী ডিওএইচএস এলাকার ইষ্টার্ণ রোডের (অর্ধেক) পটহোল মেরামতসহ রাস্তা কার্পেটিং (প্লান্ট মেথড) কাজ। | ২০,৬৪,৭২১/- | মেসার্স রহমান ট্রেডার্স | ২০,৬৪,৭২১/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/ বোর্ড তহবিল | |
| ২৬। | মহাখালী ডিওএইচএস এলাকার ইষ্টার্ন রোড, সেন্ট্রাল রোড, ২১ নং রোড এবং পার্ক রোডের পূর্ব পার্শ্ব হতে রাওয়া মেইন গেইট পর্যন্ত রোড মার্কিং কাজ। | ৮,৯১,৫৬৮/- | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ৮,৪৬,৯৮৯/৬০ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/ বোর্ড তহবিল | |
| ২৭। | বনানী ডিওএইচএস এলাকার ৬ নং রোডের পটহোল মেরামতসহ রাস্তা কার্পেটিং (প্লান্ট মেথড) কাজ। | ১৮,২৭,৫৬৯/- | দি ইউনিক ইঞ্জিনিয়ার্স | ১৮,২৭,৫৬৯/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/বোর্ড তহবিল | |
| ২৮। | মহাখালী ডিওএইচএস এলাকার বি আই এস সি এর পশ্চিম পার্শ্বের ড্রেন পরিস্কারসহ ড্রেনের উপর আরসিসি স্ল্যাব নির্মাণ কাজ। | ২,৩২,৩৯৩/- | মেসার্স আলী এন্ড এসোসিয়েটস্ | ২,২০,৭৭৩/৩৫ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/বোর্ড তহবিল | |
| ২৯। | মিরপুর ডিওএইচএস এর শিশুপার্কের জন্য ০৪টি আধুনিক খেলনা সরবরাহ ও স্থাপন কাজ। | ১৩,১১,০০০/- | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ারিং এন্ড কোং | ১৩,০৯,৬৮৯/- | বোর্ড তহবিল | |
| ৩০। | নির্ঝর আবাসিক এলাকায় শিশুপার্কে ০২টি আধুনিক খেলনা (কম্বাইন্ড সুয়িং ০১টি, ডিচ কম্বাইন্ড স্লাইডার্স ০১টি) সরবরাহ ও স্থাপন কাজ। | ১২,০২,৫০০/- | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ারিং এন্ড কোং | ১২,০১,২৯৭/৫০ | বোর্ড তহবিল | |
| ৩১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/এ নং রোড (২৫৫ ফুট লম্বা) উঁচুকরণসহ কার্পেটিং ও ড্রেন সংস্কার কাজ। | ৮,৫২,১০৭/- | মেসার্স সরদার এন্ড এসোসিয়েটস্ | ৮,৫০,৮২৮/৮৪ | বোর্ড তহবিল | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩২। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতালের সেবার মান ও আয় বৃদ্ধির লক্ষ্যে ০২টি ডায়াথারমী মেশিন মেরামত, ০২টি সাইনবোর্ড, ০১টি প্রোফাইল বোর্ড ও ৫০টি ফ্যাস্টুন নির্মাণ কাজ। | ৩,৪৩,২৫০/- | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ৩,৪১,৫৩৩/৭৫ | হাসপাতালের নৈমিত্তিক খাত | |
| ৩৩। | মিরপুর সেনানিবাসস্থ জেসিও/ওআরএস আবাসিক এলাকার শিশুপার্কের বাউন্ডারী গ্রীল উঁচুকরণসহ খেলনাসামগ্রী মেরামত ও রংকরণ কাজ। | ২,৪৯,৪৩৭/৫৭ | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ (ধামালকোট | ২,৪৯,১৮৮/১৩ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩৪। | মহাখালী ডিওএইচএস এলাকার ১৯ নং রোড এবং ১৯ ও ২১ নং রোডের সংযোগ সড়ক (পার্কের পূর্ব পার্শ্বে) পটহোল মেরামতসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিং কাজ। | ৯,৭২,৩০৫/- | মেসার্স শাহীন এন্টারপ্রাইজ | ৯,৭২,৩০৫/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/বোর্ড তহবিল | |
| ৩৫। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ স্টাফ কোয়ার্টারের ইউনিট-১ বাৎসরিক সংস্কার, মেরামত ও রংকরণ কাজ। | ৬০,৭৪৬/- | মেসার্স এস এস ট্রেডার্স | ৬০,৭৪৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩৬। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিস সংলগ্ন কোয়ার্টার নং-১ এর সংস্কার ও মেরামতকরণ কাজ। | ৮১,৭৯০/- | মেসার্স আর এস এন্টারপ্রাইজ | ৮১,৭৯০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |

আলোচনা : আলোচ্য বিষয়-১৮ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা ও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সামনে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত :

১৮.১। আলোচ্য বিষয়-১৮ এর ৩৬ (ছত্রিশ)টি প্রকল্পের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

১৮.২। ক্রমিক নং-১, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১৫, ১৮, ৩২, ৩৩, ৩৫ ও ৩৬ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

১৮.৩। ক্রমিক নং-২ এ উল্লেখিত প্রকল্পের বিরপরীতে দাখিলকৃত দর বেশী প্রতীয়মান হওয়ায় ঠিকাদারের সাথে Negotiation এর মাধ্যমে অনুমোদিত মূল্যানুমানের মধ্যেই কাজ সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

১৮.৪। ক্রমিক নং-১০, ১১, ১২, ১৩, ১৪, ১৬, ১৭, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১ ও ৩৪ এর প্রকল্পসমূহের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৯: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের লিফ্‌ট মাসিক সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণের চুক্তিপত্র নবায়ন প্রসংগে।

আলোচনা : হাসপাতালের লিফ্‌ট মাসিক সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণের কাজে নিয়োজিত আজিজ এন্ড কোং লিমিটেড এর চুক্তির মেয়াদ ৩১/৩/২০১৭ তারিখে শেষ হয়েছে। চুক্তির মেয়াদ নবায়নের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান আজিজ এন্ড কোং লিমিটেড কর্তৃক ০৫/৩/২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করা হয়েছে। বর্তমান চলমান ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা দরে চুক্তির মেয়াদ ০২(দুই) বছরের জন্য অর্থাৎ ০১/৪/২০১৭ হতে ৩১/৩/২০১৯ তারিখ পর্যন্ত বর্ধিত করার জন্য আবেদনে উল্লেখ করেছেন।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের লিফ্‌ট মাসিক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকায় ০১/৪/২০১৭ হতে ৩১/৩/২০১৯ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য আজিজ এন্ড কোং লিমিটেড এর সাথে সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণের চুক্তিপত্র নবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২০: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের সকল অকেজো ও অব্যবহারযোগ্য পুরাতন মালামাল নিলামে বিক্রির জন্য ঠিকাদার মেসার্স সিকদার এন্টারপ্রাইজ, ৫/এইচ, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক দাখিলকৃত সর্বোচ্চ ২,১০,১৫০/- (দুই লক্ষ দশ হাজার একশত পঞ্চাশ) টাকার নিলাম ডাক ঘটনোত্তর অনুমোদন প্রসংগে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের সকল অকেজো ও অব্যবহারযোগ্য পুরাতন মালামাল (যেমন-পুরাতন লোহা-লক্কর, চেয়ার টেবিল, দরজা, জানালা, লোহার গ্রীল/বিভিন্ন যানবাহনের পুরাতন যন্ত্রাংশ, পানির ট্যাংকি, খালী কৌটা, অকেজো ফ্যান, ঘাস কাটার মেশিন, পাম্প মেশিন, ফটোস্ট্যাট মেশিন, মনিটর, প্রিন্টার, ইলেকট্রিক মালামাল, ইত্যাদি) নিলামে বিক্রির জন্য ২০ মার্চ ২০১৭ তারিখে পুনঃনিলাম বিজ্ঞপ্তির মাধ্যমে দরপত্র আহবান করা হয়। নির্ধারিত তারিখে জিডিও'র উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হলে মোট ১০টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স সিকদার এন্টারপ্রাইজ, ৫/এইচ, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক দাখিলকৃত ২,১০,১৫০/- (দুই লক্ষ দশ হাজার একশত পঞ্চাশ) টাকার দরটি সর্বোচ্চ হয়। প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মিনিটশীটের মাধ্যমে উক্ত দর অনুমোদন করা হয়েছে।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের অকেজো ও অব্যবহারযোগ্য পুরাতন মালামাল নিলামে বিক্রির ২,১০,১৫০/- (দুই লক্ষ দশ হাজার একশত পঞ্চাশ) টাকার সর্বোচ্চ দরটি ঘটনোত্তর অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২১: ঢাকা সেনানিবাসের ভাষাণটেক চেকপোষ্ট থেকে সেনানিবাসের মেইন রোড (শহীদ সরণি) পর্যন্ত সরু রাস্তাটি ফুটপাতসহ ২টি গাড়ি পাশাপাশি চলার মত প্রশস্ত করার জন্য স্টেশন সদর দপ্তর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৩ মার্চ ২০১৭ তারিখের ৬০৪/১/এ নং পত্র ও মেজর (অবঃ) আবুল বাসার, ৭৯, উত্তর ধামালকোট, ঢাকা এর ১৮ মার্চ ২০১৭ তারিখের আবেদনপত্র প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ঢাকা সেনানিবাসের ভাষাণটেক চেকপোষ্ট থেকে সেনানিবাসের মেইন রোড (শহীদ সরণি) পর্যন্ত সরু রাস্তাটি ১১৫০ ফুট লম্বা। প্রস্থ ১২ ফুট। রাস্তাটি আরও ৫ ফুট বর্ধিত করে ১৭ ফুট পর্যন্ত প্রশস্ত করার জন্য ১৫,৬৭,৮৪১/- (পনের লক্ষ সাতষট্টি হাজার আটশত একচল্লিশ) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। ৫ ফুট প্রস্থের এক পার্শ্বে ফুটপাত নির্মাণ করার জন্য ১২,১৬,৩৯৬/- (বার লক্ষ ষোল হাজার তিনশত ছিয়ানব্বই) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাসের ভাষাণটেক চেকপোষ্ট থেকে সেনানিবাসের মেইন রোড (শহীদ সরণি) পর্যন্ত সরু রাস্তা ও ফুটপাত নির্মাণের জন্য সর্বমোট ২৭,৮৪,২৩৭/- (সাতাশ লক্ষ চুরাশি হাজার দুইশত সাইত্রিশ) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। প্রয়োজনীয় অর্থ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২২: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ নং রোডস্থ ১৬/জি নং প্লটের নির্মাণ কাজের সময়সীমা ০২(দুই) বছর বৃদ্ধি করার জন্য সাবেরা আহমেদ কলি এর ১২/৩/২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : উক্ত প্লটে ০৭ তলার নকশা ০৮/০১/২০১৬ তারিখে অনুমোদন করা হয়। নির্মাণ কাজের সময়সীমা ০৭/০১/২০১৬ তারিখে শেষ হয়েছে। ভবনটির ০৬ তলা পর্যন্ত স্ট্রাকচার এবং ইটের গাঁথুনী নির্মাণ কাজ হয়েছে। নির্মাণ কাজের সময়সীমা আরও ০২ বছর অর্থাৎ ১২/৩/২০১৯ পর্যন্ত বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট প্লট মালিক ১২/৩/২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ নং রোডস্থ ১৬/জি নং প্লটের নির্মাণ কাজের সময়সীমা ৩১ ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২৩: বারিধারা ডিওএইচএস এক্সিকিউটিভ কমিটি নির্বাচন-২০১৭ উপলক্ষে নির্বাচনী খরচ বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় বারিধারা ডিওএইচএস বিবিধ তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : জুন ২০১৭ মাসে বারিধারা ডিওএইচএস পরিষদ একজিকউটিভ কমিটি নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে ব্যালট পেপার ছাপানো, সম্মানী ও আপ্যায়ন বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় বারিধারা ডিওএইচএস বিবিধ তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : বারিধারা ডিওএইচএস এক্সিকিউটিভ কমিটি নির্বাচন-২০১৭ উপলক্ষে নির্বাচনী খরচ বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত ব্যয় বারিধারা ডিওএইচএস বিবিধ তহবিল হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২৪: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য সার্ভেয়ার ড্রাফটসম্যান ও চেইনম্যানের পদ সৃষ্টির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার জমি-জমার হিসাব রাখা ও পরিমাপ করার জন্য অত্র দপ্তরে কোন সার্ভেয়ার ড্রাফটসম্যান ও চেইনম্যান নাই। যার ফলে সেনানিবাসের জমি-জমা সংক্রান্ত বিভিন্ন জটিলতা নিরসনে প্রায়শ:ই জটিলতা সৃষ্টি হচ্ছে। এ সমস্যা নিরসনকল্পে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে সার্ভেয়ার ড্রাফটসম্যান এর একটি পদ এবং চেইনম্যান এর একটি পদ সৃষ্টিসহ উক্ত পদে জরুরী ভিত্তিতে লোকবল নিয়োগ করা প্রয়োজন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ১০,২০০-২৪,৬৮০/- টাকা বেতন স্কেলে ০১টি সার্ভেয়ার ড্রাফটসম্যান এবং ৯,০০০-২১,৮০০/- টাকার বেতন স্কেলে ০১টি চেইনম্যানের পদ সৃষ্টিসহ উক্ত পদে জরুরী ভিত্তিতে লোকবল নিয়োগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২৫: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার (খুলনা-১১-০১৬৯) এর মেরামত কাজের জন্য রিকন্ডিশন্ড ইঞ্জিন ক্রয় ও স্থাপন, এসি মেরামত ও ০২টি চাকা ক্রয়ের জন্য ৩,৩০,০০০/- (দুই লক্ষ আশি হাজার) টাকা ব্যয়ের অনুমোদন। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার (খুলনা-১১-০১৬৯) এর জন্য একটি রিকন্ডিশন্ড ইঞ্জিন ক্রয় ও স্থাপন, এসি মেরামত ও ০২টি চাকা ক্রয়ের জন্য ৩,৩০,০০০/- (দুই লক্ষ আশি হাজার) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার (খুলনা-১১-০১৬৯) এর জন্য একটি রিকন্ডিশন্ড ইঞ্জিন ক্রয় ও স্থাপন, এসি মেরামত ও ০২টি চাকা ক্রয়ের জন্য ৩,৩০,০০০/- (দুই লক্ষ আশি হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২৬: সেনানিবাসের বিভিন্ন এমপি চেকপোস্টে লোহার ব্যারিয়ার মেরামত ও রংকরণ এবং ৫০০ কেজি রশি সরবরাহের বিষয়ে আর্মি এমপি ইউনিটের ০২ এপ্রিল, ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৬৪৮.০৩.১৫৯.০১. ০২.০৪.১৭ এবং ১৭/২ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসের বিভিন্ন এমপি চেকপোস্টের ব্যারিয়ার মেরামত, রংকরণ এবং ৫০০ কেজি লাইলনের রশি সরবরাহের জন্য ০২ এপ্রিল ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৬৪৮.০৩.১৫৯.০১.০২. ০৪.১৭ এবং ১৭/২ নং পত্রের মাধ্যমে চাহিদাপত্র অনুরোধ করা হয়। উক্ত কাজের জন্য বর্তমান বাজার দর অনুযায়ী ১,৭২,৫৬৮/- (এক লক্ষ বাহাত্তর হাজার পাঁচশত আটষট্টি) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত : সেনানিবাসের বিভিন্ন এমপি চেকপোস্টে লোহার ব্যারিয়ার মেরামত ও রংকরণ এবং ৫০০ কেজি রশি সরবরাহের জন্য ১,৭২,৫৬৮/- (এক লক্ষ বাহাত্তর হাজার পাঁচশত আটষট্টি) টাকার মূল্যানুমান অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২৭: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ফায়ার ফাইটিং কাজের ইকুইপমেন্ট ক্রয়ের প্রি-শিপমেন্ট ইন্সপেকশন প্রসংগে সংশ্লিষ্ট ঠিকাদার মেসার্স রংপুর মেটাল ইন্ডাষ্ট্রিজ এর ১৬/৩/২০১৭ তারিখের আবেদন এবং জিই (আর্মি) দক্ষিণ এর ০৫/৪/২০১৭ তারিখের পত্রটি উপস্থাপন করা হলো।

আলোচনা : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ফায়ার ফাইটিং কাজের ইকুইপমেন্ট ক্রয়ের প্রি-শিপমেন্ট ইন্সপেকশন প্রসংগে জিই (আর্মি) সাউথ, ঢাকা সেনানিবাসের ০৫/৪/২০১৭ তারিখের পত্রের মাধ্যমে জানিয়েছেন যে, বর্তমান বিশ্বে শিল্পায়নের নীতিমালা, শ্রমিক এর প্রাপ্যতা এবং পারিপার্শ্বিক বিভিন্ন বিষয়াদি বিবেচনায় বিভিন্ন দেশের উৎপাদন নীতিমালা বিভিন্ন রকমের হয়ে থাকে। বর্ণিত ক্ষেত্রে ইউএসএ (USA) এর তৈরি পেটারসন পাম্প আয়ারল্যান্ড থেকে Assemble এবং Shipout করা হলে স্থানীয় সরবরাহকারীকে তাহা বিধি সম্মতভাবে প্রমাণ করতে হবে। স্থানীয় সরবরাহকারীগণ প্রয়োজনীয় নথিপত্রসহ বিষয়টি নিশ্চিত করলে এবং পিএসআই কর্মকর্তাগণ উভয় দেশে অবস্থিত কারখানা সরজমিনে পরিদর্শন, সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা এবং ইউএসএ অবস্থিত পেটারসন পাম্প এর প্রধান অফিস কর্তৃক নিশ্চিত হলে ইউএসএ এর তৈরি পেটারসন পাম্প আয়ারল্যান্ড থেকে Assemble এবং Shipout করা হলে তাহা গ্রহণ করা যেতে পারে। সেক্ষেত্রে সরবরাহকারী নিজ খরচে উভয় দেশে পিএসআই এর ব্যয়ভার বহন করবে এবং কোন অতিরিক্ত অর্থ দাবী করতে পারবে না। এ প্রসংগে আলোচনাক্রমে জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী স্বাস্থ্যগত কারণে প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের জন্য আমেরিকা যেতে অনিচ্ছুক। সভায় আলোচনাক্রমে উক্ত প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের জন্য বোর্ডের সম্মানিত সদস্য কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক এর নাম প্রস্তাব করা হলে তিনি এতে সম্মতি জ্ঞাপন করেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে জিই (আর্মি) দক্ষিণ, ঢাকা সেনানিবাসের মতামত অনুসারে পরবর্তী কার্যক্রম গ্রহণসহ প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আলম খান এর পরিবর্তে ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক-কে মনোনয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২৮: মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্সের ইলেকট্রোমেকানিক্যাল (কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ, (HVAC) কাজের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার লায়ন্স ইলেকট্রোমেকানিক্যাল সার্ভিসেস কর্তৃক পারফরম্যান্স গ্যারান্টি হিসেবে জমাকৃত পে-অর্ডার ফেরত নিয়ে ব্যাংক গ্যারান্টি জমা রাখার অনুমতির জন্য ২৬/১২/২০১৬ তারিখে অত্র আবেদন করেন। উল্লেখ্য যে বর্তমানে নির্মাণ সাইটে ডাক্টিং এর কাজ চলছে। ইতোমধ্যে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন সম্পন্ন করা হয়েছে। এমতাবস্থায় উক্ত কাজের অনুকুলে তাদের জমাকৃত পে-অর্ডার ফেরত দিয়ে ব্যাংক গ্যারান্টি জমা রাখার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্সের ইলেকট্রোমেকানিক্যাল (কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ, (HVAC) কাজের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার লায়ন ইলেকট্রোমেকানিক্যাল সার্ভিসেসকে কার্যাদেশ প্রদান করা হয়। চুক্তির শর্ত অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পারফরম্যান্স গ্যারান্টি হিসেবে ১,২৬,৭৬,৪২১/- (এক কোটি ছাব্বিশ লক্ষ ছিয়াত্তর হাজার চারশত একুশ) টাকার পে-অর্ডার অত্র দপ্তরে জমা করেন। বর্তমানে সংশ্লিস্ট প্রতিষ্ঠান এসির চিলারসহ অন্যান্য মালামালের এলসি করত: এলসির কপি অত্র দপ্তরে জমা করেছেন। পারফরম্যান্স গ্যারান্টি হিসেবে জমাকৃত ১,২৬,৭৬,৪২১/- (এক কোটি ছাব্বিশ লক্ষ ছিয়াত্তর হাজার চারশত একুশ) টাকার পে-অর্ডারটি ফেরত নিয়ে সমপরিমাণ ব্যাংক গ্যারান্টি জমা করার বিষয়ে গত ১০/৪/২০১৭ তারিখে ০৯০৪১৭/১৭ নং পত্রের মাধ্যমে আবেদন করেন। যেহেতু ইতোমধ্যে চিলারসহ সংশ্লিস্ট মালামালের এলসি খোলা হয়েছে সেহেতু পে-অর্ডার ফেরত দিয়ে সমপরিমাণ ব্যাংক গ্যারান্টি জমা নেয়া যেতে পারে।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্সের ইলেকট্রোমেকানিক্যাল (কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ, (HVAC) কাজের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক দাখিলকৃত ১,২৬,৭৬,৪২১/- (এক কোটি ছাব্বিশ লক্ষ ছিয়াত্তর হাজার চারশত একুশ) টাকার পে-অর্ডারটি ফেরত প্রদানের আবেদন আপাতত: বিবেচনা করা গেল না।

আলোচ্য বিষয়-২৯: রজনীগন্ধা সুপার মার্কেটে নিরাপত্তা প্রহরীদের মাসিক বেতন বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের নিরাপত্তার কাজে নিয়োজিত প্রহরী ও কর্মচারীদের বেতন বৃদ্ধির বিষয়টি ০৩ মে ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে "রজনীগন্ধা সুপার মার্কেট কমিটির সভাপতি সিএমইএস(আর্মি), ঢাকা সেনানিবাস ও ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার বেতন বৃদ্ধির প্রস্তাব যাচাই-বাছাই করে দোকান প্রতি চাঁদার হার নির্ধারণ করে বাস্তবায়নের জন্য যে সুপারিশ করবেন তার ভিত্তিতে প্রস্তাব অনুমোদিত হবে" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৩ মে ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১৮ এবং ৩০ মে ২০১৬ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/কমিটি/৯/২৪৪ নং পত্রের আলোকে রজনীগন্ধা সুপার মার্কেট কমিটি অফিসে নিয়োজিত নৈশ প্রহরী, অফিস ক্লার্ক, ফরমালিন সনাক্তকারী, ও পরিচ্ছন্নকর্মীর বেতন বৃদ্ধির বিষয়ে প্রস্তাব পেশ করার সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। রজনীগন্ধা সুপার মার্কেটে ১৭ জন নৈশ প্রহরী, ০৫ জন পরিচ্ছন্নকর্মী, ০২ জন ফরমালিন সনাক্তকারী, নিরাপত্তা প্রহরী চাঁদা আদায় করার জন্য ০২ জন অফিস ক্লার্ক নিয়োজিত রয়েছে। এ সকল কর্মচারী বর্তমানে যে বেতন পান তা দ্বারা উক্ত কর্মচারীদের পরিবার পরিজন নিয়ে জীবিকা নির্বাহ করা নিতান্তই কষ্টসাধ্য। বর্তমান বাজার মূল্যের সাথে সামঞ্জস্য রেখে নিম্নোক্ত হারে বেতন নির্ধারণ করার প্রস্তাব করা হলো ঃ-

| ক্র: নং | পদের বিবরণ | সংখ্যা | বর্তমান বেতন (প্রতি জন) | মোট টাকা | প্রস্তাবিত বেতন (প্রতি জন) | মোট টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | অফিস ক্লার্ক | ০২ টি | ৮,৫০০/- | ১৭,০০০/- | ১১,০০০/- | ২২,০০০/- | |
| ২। | ফরমালিন সনাক্তকারী | ০২ টি | ৮,৫০০/- | ১৭,০০০/- | ১১,০০০/- | ২২,০০০/- | |
| ৩। | নৈশ প্রহরী | ১৭ টি | ৬,০০০/- | ১,০২,০০০/- | ১০,০০০/- | ১,৭০,০০০/- | |
| ৪। | পরিচ্ছন্নকর্মী | ০৫ টি | ৬,০০০/- | ৩০,০০০/- | ১০,০০০/- | ৫০,০০০/- | |
| | *সর্বমোট =* | ২৬ টি | | ১,৬৬,০০০/- | | ২,৬৪,০০০/- | |

উপরোক্ত বেতন রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান মালিক/ব্যবসায়ীদের নিকট হতে চাঁদা আদায় করে সংকুলান করা হবে।

সিদ্ধান্ত : ২৯.১। রজনীগন্ধা সুপার মার্কেটের ২৬ জন অস্থায়ী কর্মচারীর বেতন ০১ জুন, ২০১৭ তারিখ হতে নিম্নবর্ণিত হারে নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | পদের বিবরণ | সংখ্যা | বর্ধিত বেতন (প্রতি জন) | মোট টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | অফিস ক্লার্ক | ০২ টি | ১১,০০০/- | ২২,০০০/- | |
| ২। | ফরমালিন সনাক্তকারী | ০২ টি | ১১,০০০/- | ২২,০০০/- | |
| ৩। | নৈশ প্রহরী | ১৭ টি | ১০,০০০/- | ১,৭০,০০০/- | |
| ৪। | পরিচ্ছন্নকর্মী | ০৫ টি | ১০,০০০/- | ৫০,০০০/- | |
| | ***সর্বমোট =*** | ***২৬ টি*** | | ***২,৬৪,০০০/-*** | |

২৯.২। রজনীগন্ধা সুপার মার্কেটে বর্তমানে বিদ্যমান নিরাপত্তা প্রহরী চাঁদার হার ৫০% বৃদ্ধি করে দোকান মালিকদের নিকট হতে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৩০: রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন সিএস-৩১২ নং দাগে নির্মাণাধীন মার্কেটের দোকান ইজারার নীতিমালা সংশোধনসহ পুন:দরপত্র আহ্বান প্রসংগে।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন কাফরুল মৌজার সিএস-৩১২ নং দাগে মার্কেট নির্মাণ করে দোকান ইজারা/বরাদ্দ/ভাড়া প্রদানের বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক একটি নীতিমালা অনুমোদিত হয়। উক্ত অনুমোদিত নীতিমালার আলোকে নির্মিতব্য মার্কেটের ২১ (একুশ) টি দোকান ইজারা/বরাদ্দ/ভাড়া প্রদানের জন্য বহুল প্রচারিত দৈনিক প্রথম আলো, দৈনিক বাংলাদেশ প্রতিদিন এবং দৈনিক অবজারভার পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ১৩/২/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হয়। উক্ত তারিখে তলা ভিত্তিক ১২(বার) টি দোকানের বিপরীতে মোট ১০৮ টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহ যাচাই-বাছাই কমিটি কর্তৃক যাচাই করা হয় এবং দর মূল্যায়ন কমিটি কর্তৃক উক্ত দোকানসমূহ ইজারা বরাদ্দ প্রদানের জন্য সুপারিশ প্রদান করেন। কমিটির কর্তৃক যাচাইকৃত দরপত্রের তুলনামূলক বিবৃতিতে সর্বোচ্চ দরদাতার নামসহ দোকানসমূহের বিবরণ নিম্নে প্রদত্ত হলো ঃ-

| ক্রঃনং | সর্বোচ্চ দর দাতার নাম ও ঠিকানা | তলা ও দোকান নম্বর | আয়তন বর্গফুট | প্রাপ্ত সর্বোচ্চ দর | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|
| ১। | উম্মে কুলসুম<br>পিতা-মোঃ নুকুল ইসলাম<br>৪৫২, দক্ষিন কাফরুল, ঢাকা ক্যান্টঃ | ১ম তলা-১<br>(গ্রাউন্ড ফ্লোর) | ৬৭৬.৭৩ | ২৪,০০,০০০/- | ১২ টি |
| ২। | জনাব মোঃ গোলাম তৌহিদ<br>পিতা-মরহুম ওয়ালী আহমেদ<br>৩০, সার্কিট হাউজ রোড, ফ্ল্যাট নং-১/৪০৪,<br>ইস্টার্ণ সার্কিট, ঢাকা-১২১৭। | ১ম তলা-২<br>(গ্রাউন্ড ফ্লোর) | ৫৯০.৬২ | ২২,২০,০০০/- | ১০ টি |
| ৩। | নাজমুন নাহার<br>স্বামী-মোঃ আজিজুল মিল্লাত<br>১ ও ৩০, ব্লক নং-এফ, আব্দুর সাদেক রোড,<br>বসুন্ধরা আবাসিক এলাকা, ভাটারা, ঢাকা। | ১ম তলা-৩<br>(গ্রাউন্ড ফ্লোর) | ৬১৭.৯৪ | ২০,০১,০০০/- | ১০ টি |
| ৪। | আহমেদ সামিন সাঈদ<br>পিতা-আবু সাঈদ মোঃ মাসুদ<br>বাসা নং-৭১, শহীদ মঈনুল রোড, ঢাকা ক্যান্টঃ | ২য় তলা-৪<br>(ফাষ্ট ফ্লোর) | ৩২৩.৩৬ | ১২,১২,০০০/- | ১০ টি |
| ৫। | মরিয়ম জাহান<br>স্বামী-আফতাব উদ্দিন<br>বাড়ী নং-২, রোড নং-৪, সেকশন-১৪, ব্লক-বি,<br>মিরপুর, ঢাকা। | ২য় তলা-৫<br>(ফাষ্ট ফ্লোর) | ২৬৯.৫০ | ১১,০০,০০০/- | ১০ টি |
| ৬। | এস এম মাসুদ<br>পিতা-মৃত আখির উদ্দীন<br>বাড়ী নং-১৫, রোড নং-৬, ব্লক-বি, মিরপুর,<br>সেকশন-১৪, মিরপুর, ঢাকা। | ২য় তলা-৬<br>(ফাষ্ট ফ্লোর) | ২১২.২৯ | ১২,০০,১০০/- | ০৯ টি |
| ৭। | ফেরদৌস জাহান<br>স্বামী-এস এম হাবিব ইবনে জাহান<br>গ্রাম-চকলোকমান কলোনী, পোঃ-বগুড়া সদর,<br>থানা+ জেলা-বগুড়া। | ২য় তলা-৭<br>(ফাষ্ট ফ্লোর) | ২০৮.২৫ | ১২,০০,২০০/- | ০৭ টি |
| ৮। | ফারজানা পারভীন<br>স্বামী-মোঃ আকবর হোসেন<br>১২০/১, শান্তিনগর, ফ্ল্যাট নং-৪/সি, পল্টন, ঢাকা-১২১৭। | ২য় তলা-৮<br>(ফাষ্ট ফ্লোর) | ৩৪৯.৫৬ | ১২,০১,০০০/- | ১০ টি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯। | মাহফুজা হাওলাদার<br>স্বামী-মোঃ গোলাম তৌহিদ<br>২৭৭, গুলবাগ, মালিবাগ, শান্তিনগর, ঢাকা-১২১৭। | ৩য় তলা-১০<br>(সেকেন্ড ফ্লোর) | ৩২৩.৩৬ | ১২,১০,০০০/- | ১০ টি |
| ১০। | জনাব মোঃ গোলাম তৌহিদ<br>পিতা-মরহুম ওয়ালী আহমেদ<br>৩০, সার্কিট হাউজ রোড, ফ্ল্যাট নং-১/৪০৪, ইস্টার্ণ সার্কিট, ঢাকা-১২১৭। | ৩য় তলা-১১<br>(সেকেন্ড ফ্লোর) | ২৬৯.৫০ | ১২,০০,০০০/- | ১০ টি |
| ১১। | কর্ণেল ডাঃ মোঃ ইউনুছুর রহমান<br>পিতা-মৃত আব্দুল করিম তালুকদার<br>১৯৬/৬, শহীদ বাশার রোড, ঢাকা ক্যান্টঃ | ৩য় তলা-১২<br>(সেকেন্ড ফ্লোর) | ২১২.২৯ | ১২,০০,০০০/- | ০৫ টি |
| ১২। | নাহিদ সুলতানা যুথী<br>পিতা-এস জালাল উদ্দিন<br>১৯৬/৬, শহীদ বাশার রোড, ঢাকা ক্যান্টঃ | ৩য় তলা-১৩<br>(সেকেন্ড ফ্লোর) | ২০৮.২৫ | ১২,০০,০০০/- | ০৫ টি |

উক্ত দোকানসমূহ ইজারা/বরাদ্দ/ভাড়া প্রদানের নিমিত্তে প্রাপ্ত দরসমূহ অনুমোদনের বিষয়টি ১৪ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৫৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে প্রাপ্ত সর্বোচ্চ দর অনুমোদনসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং অবশিষ্ট দোকানসমূহ জরুরী ভিত্তিতে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ইজারা/বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখ্য যে, নির্মিতব্য মার্কেটের জমি নিয়ে মামলা হওয়ায় দোকানসমূহ ইজারা/বরাদ্দ/ভাড়া প্রদানের সকল কার্যক্রম স্থগিত করা হয়। উক্ত মামলার বিষয়ে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে তিনি উক্ত দোকানসমূহ ইজারা/বরাদ্দ/ভাড়া প্রদানে কোন আইনগত বাধা নাই মর্মে মতামত প্রদান করেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন সিএস-৩১২ নং দাগে নির্মাণাধীন মার্কেটের গত ১৩ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের ইজারা দরপত্র বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং নিম্নবর্ণিতভাবে দোকান বরাদ্দ নীতিমালা সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

## নীতিমালা

১. বোর্ডের অনুমোদন সাপেক্ষে নিয়মানুযায়ী 'ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট' দোকানসমূহ ইজারা/ বরাদ্দ প্রদান করবে।

২. রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন সিএস-৩১২ দাগে নির্মিতব্য মার্কেটের দোকান ১০ (দশ) বছরের জন্য বিধি মোতাবেক ইজারা/বরাদ্দ প্রদান করা হবে এবং তা প্রতি ১০(দশ) বছর অন্তর অন্তর নবায়নযোগ্য।

৩. প্রতিটি দোকান/স্পেস/ফ্লোর প্রথমে ১০(দশ) বছরের জন্য ইজারা/বরাদ্দ প্রদান করা হবে, যা দরপত্র আহবান করে ইজারা/বরাদ্দের ব্যবস্থা করা হবে। প্রতিটি সিডিউল এর মূল্য ২,০০০/-(দুই হাজার) টাকা (অফেরতযোগ্য)।

৪. দোকান বরাদ্দের আবেদনপত্রের সংগে যে কোন সিডিউল ব্যাংক হতে ***"ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট"*** এর অনুকুলে প্রাথমিক জামানত হিসেবে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দিতে হবে। যে সকল আবেদনকারীর আবেদন দোকান বরাদ্দের জন্য বিবেচিত হবে না তাদের জমাকৃত জামানত যথাসময়ে ফেরত দেয়া হবে।

৫. আবেদনপত্রের সংগে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) ও সংশিষ্ট পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদপত্র, অথবা জন্ম সনদ বা জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

৬. মার্কেটসমূহের দোকান ইজারা/বরাদ্দ প্রদানের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করা হবে। গঠিত কমিটি কর্তৃক প্রদত্ত দর যাচাই/বাছাই করে দরপত্র গ্রহণ/বাতিলের নিমিত্তে সুপারিশ/মন্তব্য প্রদান করবেন।

৭. (ক) প্রতিটি দোকান/স্পেস/ফ্লোর ক্যান্টনমেন্ট প্রোপার্টি রুলস্-১৯৫৭ এ ৯(২)(ii) ধারা মোতাবেক বরাদ্দ প্রদান করা হবে এবং মেয়াদ উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) মাস পূর্বে ২য় পক্ষ অর্থ্যাৎ ইজারা গ্রহীতা সম্মত থাকলে/আবেদন করলে ইজারা গ্রহীতা কর্তৃক দোকান বরাদ্দের সময় প্রদত্ত মোট সেলামির উপর ১০% অর্থ নবায়ন ফি বোর্ডে জমা প্রদান সাপেক্ষে পরবর্তী ১০(দশ) বছরের জন্য দোকান/স্পেস/ফ্লোর নবায়ন করা যাবে। এই নিয়মে পরবর্তী প্রতি ১০(দশ) বছর অন্তর অন্তর মহাপরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে নবায়ন কার্যক্রম পরিচালিত হবে। তবে সরকার/ক্যান্টনমেন্ট বোর্ডের বিশেষ প্রয়োজনে বরাদ্দকৃত দোকানের ইজারা বাতিল করা যাবে এবং দোকানের প্রদত্ত সেলামি আনুপাতিক হারে ইজারা গ্রহীতাকে ফেরত প্রদান করা হবে।

(খ) নবায়ন ফি এর উপর সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর প্রদান করতে হবে।

৮. প্রস্তাবিত মার্কেটের তলা ভিত্তিক প্রতি বর্গফুটের সর্বনিম্ন সরকারী দর নিম্নরূপ ঃ-

| | |
|---|---|
| ১ম তলা (নিচতলা) | : ১১,৫০০/- (এগার হাজার পাঁচশত) টাকা |
| ২য় তলা | : ১১,০০০/- (এগার হাজার) টাকা |
| ৩য় তলা | : ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা |
| ৪র্থ তলা | : ৯,০০০/- (নয় হাজার) টাকা |

৯. সংশ্লিষ্ট মার্কেটের দোকানসমূহ ইজারা প্রদানের জন্য সর্বোচ্চ দরদাতাকে ইজারা প্রদান করা হবে। যে সকল সর্বোচ্চ দর প্রদানকারী/আবেদনকারী দোকান বরাদ্দের জন্য বিবেচিত হবে তাদের দাখিলকৃত দর চূড়ান্ত অনুমোদনের পর ১৫(পনের) দিনের মধ্যে অর্ধেক টাকা এবং পরবর্তী ০১(এক) মাস অন্তর অন্তর সমান ০৩(তিন) কিস্তিতে অবশিষ্ট টাকা পরিশোধ করতে হবে। কোন ইজারা/বরাদ্দ গ্রহীতা নির্ধারিত সময়ের মধ্যে এক কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ১০,০০০/-(দশ হাজার) টাকা, দুই কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা এবং তিন কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা বিলম্ব ফিসহ কিস্তির টাকা পরিশোধ করতে হবে। ব্যর্থতায় জমাকৃত প্রাথমিক জামানতের অর্থ বাজেয়াপ্ত হবে এবং জমাকৃত কিস্তির টাকার উপর ১০% কর্তন করে অবশিষ্ট টাকা ২ (দুই) বছর পরে ফেরত দেয়া হবে।

১০. সর্বোচ্চ ডাককারী দোকান গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে জামানত হিসেবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে। তবে এক বা একাধিক কিস্তি জমা দেয়ার পর পরবর্তী কিস্তি পরিশোধে অপরগতা প্রকাশ করলে সেক্ষেত্রে জামানত বাবদ জমাকৃত অর্থ বাজেয়াপ্তসহ কিস্তি হিসেবে জমাকৃত অর্থের ১০% কর্তন করে অবশিষ্ট অর্থ ২ (দুই) বছর পরে ফেরত দেয়া হবে।

১১. একাধিক দোকান/স্পেস ইজারা/বরাদ্দের জন্য পৃথক পৃথক ডাক ও সিডিউল ক্রয় করতে হবে এবং প্রত্যেক দোকানের জন্য আলাদাভাবে দর উল্লেখ করতে হবে। সর্বোচ্চ দরদাতাকে দোকান ইজারা/বরাদ্দের জন্য প্রাথমিকভাবে গঠিত কমিটি কর্তৃক যাচাইকৃত দর বোর্ডের অনুমোদন সাপেক্ষে নির্ধারিত কিস্তিতে সালামীর টাকা পরিশোধ করতে হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর সেলামির সমুদয় টাকা এবং বিধি মোতাবেক ভ্যাট ও উৎসকর পরিশোধ সাপেক্ষে দোকান/স্পেস বুঝিয়ে দেয়া হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক কোন দোকানের দর অনুমোদন করা না হলে তার জমাকৃত জামানতসহ সমুদয় কিস্তির টাকা ফেরত প্রদান করা হবে।

১২. সংশ্লিষ্ট মার্কেটের দোকান/স্পেস দরপত্র দাখিলের মাধ্যমে সর্বোচ্চ দরদাতাকে বরাদ্দ/ইজারা/ভাড়া প্রদান করা হবে। উদ্ধৃত দরের উপর সরকারী বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট প্রদেয় হবে।

১৩. একই দোকান/স্পেস এর জন্য একাধিক দরদাতার দর একই হলে তাঁদের সম্মতিক্রমে লটারীর মাধ্যমে তা নির্ধারণ হবে। দরতাতাগণ উক্ত সিদ্ধান্তে অসম্মত হলে তা পুনরায় দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে ইজারা প্রদান করা হবে।

১৪. অনুমোদিত ইজারা/বরাদ্দকৃত দোকানের তলা ভিত্তিক প্রতি বর্গফুটের মাসিক ভাড়া নিম্নরূপ ঃ-

| | |
|---|---|
| ১ম তলা (নিচতলা) | ঃ ৩০/- (ত্রিশ) টাকা |
| ২য় তলা | ঃ ২৫/- (পঁচিশ) টাকা |
| ৩য় তলা | ঃ ২৫/- (পঁচিশ) টাকা |
| ৪র্থ তলা | ঃ ২৫/- (পঁচিশ) টাকা |

১৫. নির্ধারিত মাসিক ভাড়া পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে ক্যান্টনমেন্ট বোর্ডের রেভিনিউ শাখায় জমা দিতে হবে। এতে ব্যর্থ হলে ১১ তারিখ হতে প্রতিদিনের জন্য ৫ (পাঁচ) টাকা হারে জরিমানা ভাড়ার পরিশোধের দিন পর্যন্ত প্রদান করতে হবে। উল্লেখ্য যে, জুন মাসের ভাড়া জুন মাসের ২৫ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ২৬ তারিখ হতে প্রতিদিনের জন্য ৫ (পাঁচ) টাকা হারে জরিমানা ভাড়া পরিশোধের দিন পর্যন্ত প্রদান করতে হবে।

১৬. প্রতিটি দোকানের জন্য পৃথক বৈদ্যুতিক মিটার থাকবে যা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নির্ধারিত কোম্পানীর মিটার ইজারা গ্রহীতা কর্তৃক স্থাপন করতে হবে। মিটার অনুযায়ী ইজারা/বরাদ্দ গ্রহীতা নিজ দায়িত্বে বোর্ডের ধার্যকৃত হারে বিদ্যুৎ বিল নিয়মিতভাবে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে পরিশোধ করতে হবে। কোন কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হলে পুনরায় সংযোগ স্থাপনের জন্য ইজারা/বরাদ্দ গ্রহীতা কর্তৃক ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা সংযোগ ফি প্রদান করতে হবে।

১৭. মার্কেটের সকল ব্যবসায়ীকে ব্যবসার ধরন অনুযায়ী নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে ক্যান্টনমেন্ট বোর্ড হতে ট্রেড লাইসেন্স গ্রহণ করতে হবে।

১৮. মার্কেটের পরিস্কার-পরিচ্ছন্নতাসহ নিরাপত্তা সংক্রান্ত ব্যবস্থাপনার ব্যয় নির্বাহের জন্য ইজারা/বরাদ্দ গ্রহীতাগণকে বোর্ড কর্তৃক ধার্যকৃত হারে সার্ভিস চার্জ পরিশোধ করতে হবে।

১৯. দোকান ইজারা/বরাদ্দ প্রাপ্তির পর ১৫(পনের) দিনের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে বোর্ডের সংগে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তিপত্র সম্পাদন করার পর দোকান/স্পেস হস্তান্তর হবে। হস্তান্তরের তারিখ হতে দোকান ভাড়া ও অন্যান্য ফি কার্যকর হবে এবং চুক্তিপত্র করার ব্যয় ইজারা গ্রহীতা কর্তৃক বহন করতে হবে।

২০. ইজারা/বরাদ্দ প্রাপ্ত দোকানে কোন অসামাজিক/অবৈধ/সন্ত্রাসী কার্যকলাপ পরিলক্ষিত হলে তাৎক্ষণিক দোকান ইজারা/ বরাদ্দ বাতিল করা হবে ।

২১. মার্কেটে ইজারা/বরাদ্দ প্রাপ্ত দোকান হস্তান্তর/বিক্রয়ের পূর্বে অবশ্যই বোর্ডের অনুমতি গ্রহণ করতে হবে। বিক্রয়ের ক্ষেত্রে হস্তান্তর পূর্বানুমতি ফি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ও উত্তরাধিকার/দান এর ক্ষেত্রে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রদান করতে হবে। নামজারী ফি বাবদ বিক্রয় হস্তান্তরের ক্ষেত্রে ১০,০০০/-(দশ হাজার) টাকা এবং দান/উত্তরাধিকার ক্ষেত্রে ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা প্রদান করতে হবে।

২২. ইজারা/বরাদ্দ গ্রহীতা বোর্ডের পূর্বানুমতি গ্রহণ ও ১০,০০০/-(দশ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে বরাদ্দকৃত দোকান ভাড়া দিতে পারবেন। ইজারাকৃত দোকান ঘর কোন অবস্থাতেই আংশিক হস্তান্তর/আংশিক ভাড়া/উপ-ভাড়া দেয়া যাবে না এবং ক্যান্টনমেন্ট বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে ইজারা গ্রহীতা দোকানের কোন প্রকার পরিবর্তন/পরিবর্ধন অথবা সংশোধন করতে পারবেন না। তবে ক্যান্টনমেন্ট বোর্ডের অনমুতি গ্রহণপূর্বক ইজারা গ্রহীতা নিজ ব্যয়ে যাবতীয় মেরামত কাজ করতে পারবেন। এছাড়া বরাদ্দ লাভকারী নিজ দায়িত্বে স্ব স্ব দোকানের পানি, বিদ্যুৎ ও গ্যাস বিল (প্রযোজ্য ক্ষেত্রে) সরাসরি পরিশোধ করবেন।

২৩. উক্ত মার্কেটের নির্মাণ কাজ শেষে বাস্তব পরিমাপ অনুযায়ী দোকানের আয়তনের হ্রাস/বৃদ্ধি হলে সেক্ষেত্রে মূল্য সমন্বয়/ পরিশোধ করতে হবে।

২৪. মার্কেটে ব্যবসায়ী ও ক্রেতার মধ্যে কিংবা এক ব্যবসায়ীর সাথে অপর ব্যবসায়ীর কোন প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটলে তা ক্যান্টনমেন্ট বোর্ডের সমন্বয়ে গঠিত তদন্ত কমিটির তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৫. দোকান বরাদ্দ সংক্রান্ত কোন বিরোধ দেখা দিলে সংক্ষুদ্ধ পক্ষ বিরোধীয় বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে মহাপরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর বরাবর আপীল করতে পারবে। মহাপরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এর সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

২৬. ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রণীত যে কোন সময় যে কোন আইন/নিয়ম-কানুন চুক্তির অন্তর্ভূক্ত বলে গণ্য হবে।

২৭. এই নীতিমালা ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বের থাই গার্ডেন সংলগ্ন মার্কেটের দোকান/স্পেস এর ক্ষেত্রে অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।

২৮. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দর/দরপত্র ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃপক্ষ বাতিল করতে পারবে।

**আলোচ্য বিষয়-৩১:** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স এন এম এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী সৈয়দা শারমিন আরা কর্তৃক উক্ত প্রতিষ্ঠানটি মিসেস মনোয়ারা বেগম-কে হস্তান্তর করায় তাঁর নামে উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানটি নামান্তরকরণ প্রসংগে।

**আলোচনা :** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স এন এম এন্টারপ্রাইজ এর স্বত্বাধিকারী মিসেস মনোয়ারা বেগম, স্বামী-নিজামুল হায়দার চৌধুরী এর নামে পরিবর্তন/নামজারীর জন্য সৈয়দা শারমিন আরা, মেসার্স এন এম এন্টা রপ্রাইজ গত ২৭/০৩/২০১৭ খ্রিঃ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেছেন। ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সি ও আনুষাঙ্গিক অন্যান্য কাগজপত্রাদি মিসেস মনোয়ারা বেগম এর নামে নামান্তর করে আবেদনের সহিত জমা করেছেন।

**সিদ্ধান্ত :** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স এন এম এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী সৈয়দা শারমিন আরা এর পরিবর্তে মিসেস মনোয়ারা বেগম এর নামে নামজারী করার সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্য বিষয়-৩২:** মেসার্স এশিয়া ইন্টারন্যাশনাল-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তিকরণ প্রসংগে।

**আলোচনা :** মেসার্স এশিয়া ইন্টারন্যাশনাল এর স্বত্বাধিকারী ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ১ম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির জন্য ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সি ও আনুষাঙ্গিক অন্যান্য কাগজপত্রাদিসহ ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেছেন। তাঁর দাখিলকৃত কাগজপত্রাদি সঠিক আছে। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে প্রতিষ্ঠানটি ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ১ম শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান হিসেবে তালিকাভক্ত করা যেতে পারে।

**সিদ্ধান্ত :** প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে মেসার্স এশিয়া ইন্টারন্যাশনাল-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৩৩: ঢাকা সেনানিবাসে মোটরযান আইন অমান্যকারী যানবাহনের জরিমানার হার পুন:নির্ধারণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : বর্তমানে ঢাকা সেনানিবাসে মোটরযান আইন অমান্যকারী যানবাহনের নিকট হতে নিম্নবর্ণিত হারে জরিমানা আদায় করা হয়ঃ-

| ক্র/নং | অপরাধের ধরন | জরিমানার হার |
|---|---|---|
| ১. | অসাবধানে বা বিপদজনক ভাবে গাড়ী চালানো। | ১ম বার- ৮০০/-<br>২য় বার- ১৬,০০/- |
| ২. | ট্রাফিক সিগন্যাল অমান্য করা (লাল/হলুদ বাতি)। | ১ম বার- ৮০০/-<br>২য় বার- ১৬,০০/- |
| ৩. | আদেশ অমান্য, বাধা সৃষ্টি এবং তথ্য প্রদানে অস্বীকৃতি। | ২,০০০/- |
| ৪. | ইন্ডিকেটর ব্যতীত লেন পরিবর্তন করা। | ৬০০/- |
| ৫. | শারীরিক কিংবা দৈহিকভাবে অনুপযুক্ত অবস্থায় গাড়ী চালানো। | ৬০০/- |
| ৬. | অনির্ধারিত স্থানে ইউ (U) টার্ণ করা। | ৮০০/- |
| ৭. | অধিক ( ) কিঃ মিঃ গতিতে গাড়ী চালানো। | ৮০০/- |
| ৮. | অনির্ধারিত রাস্তা ব্যবহার। | ৮০০/- |
| ৯. | অননুমোদিত গ্লাসযুক্ত গাড়ীর অনুমতি ব্যতিত প্রবেশ। | ৮০০/- |
| ১০. | ক্রুটিযুক্ত গাড়ী (লাইন জ্বলে না, কালো ধোয়া ইত্যাদিসহ) প্রবেশ। | ৬০০/- |
| ১১. | অতিরিক্ত যাত্রী, মালামাল বহন। | ১,০০০/- |
| ১২. | অনির্ধারিত স্থানে যাত্রী উঠানো/নামানো। | ১,০০০/- |
| ১৩. | লাইসেন্স ব্যতিত গাড়ী চালানো। | ১,০০০/- |
| ১৪. | রেজিস্ট্রেশন, ফিটনেস সার্টিফিকেট অথবা পারমিট ব্যতিত গাড়ী চালানো। | ১,০০০/- |
| ১৫. | অবীমাকৃত মটরযান চালানো। | ১,০০০/- |
| ১৬. | অনুমোদিত ওজন অতিক্রমপুর্বক গাড়ী চালানো। | ১,০০০/- |
| ১৭. | মিথ্যা কথা বলে সেনানিবাসের রাস্তা ব্যবহার। | ১,০০০/- |
| ১৮. | বৈধ ড্রাইভিং লাইসেন্স ব্যবহার না করে গাড়ী চালানো। | ১,০০০/- |
| ১৯. | অন্যান্য : উপরোক্ত অপরাধের যে কোন দু'টি অপরাধ সংঘটিত করলে সেনানিবাস এলাকায় চলাচলের অনুমতিপত্র (স্টিকার) বাতিল হবে। পূনরায় স্টিকার পেতে হলে সর্বশেষ সংঘটিত অপরাধের জন্য নির্ধারিত জরিমানার ১০ (দশ) গুণ অর্থ জরিমানা প্রদান সাপেক্ষে স্টিকার প্রদান করা হবে। | |

সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে আরো যাচাই বাছাই করে বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৩৪: মিরপুর ডিওএইচএস এর বিভিন্ন সড়কে ব্যবহারের জন্য ৩০০টি ৩২ ওয়াটের এনার্জি সেভিং বাল্ব সরবরাহের বিষয়ে মিরপুর ডিওএইচএস পরিষদ এর ০৬ এপ্রিল, ২০১৭ তারিখের ১৭২৩/ডিওএইচএস/মিরপুর নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস এলাকায় বিভিন্ন সড়কের জন্য নিরাপত্তা বাতি সরবরাহ করার নিমিত্ত মিরপুর ডিওএইচএস পরিষদের ০৬ এপ্রিল ২০১৭ তারিখের ১৭২৩/ডিওএইচএস/মিরপুর নং পত্রের মাধ্যমে অত্র দপ্তরে অনুরোধ জাননো হয়েছে। উক্ত পত্রে উল্লেখ করা হয়েছে যে ডিওএইচএস এর সবগুলো সড়কে ৬০০টির অধিক বৈদ্যুতিক পোল বিদ্যমান। গত ০৫ এপ্রিল ২০১৭ তারিখে ঝড়-বৃষ্টি ও বৈদ্যুতিক সর্ট সার্কিটসহ বিভিন্ন সময়ে অনেকগুলি বাল্ব অকেজো হয়েছে। এছাড়া নতুনভাবে কিছু বৈদ্যুতিক পোল সংযোজিত হওয়ায় আবারও নিরাপত্তা বাতির স্বল্পতা দেখা দিয়েছে। গত জানুয়ারি ২০১৭ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ড হতে ২০০টি বাল্ব সরবরাহ করা হয়েছিল। বর্তমানে দেশের নিরাপত্তা জনিত কারণে রাত্রিকালীন ডিওএইচএস এর সব সড়কগুলো আলোকিত রাখার লক্ষ্যে অনেক বাল্ব প্রয়োজন। এমতাবস্থায় সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকল্পে মিরপুর ডিওএইচএসকে ৩০০টি ৩২ ওয়াটের বাল্ব সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। উল্লেখ্য যে ডিওএইচএস এর বিভিন্ন সড়কে ৩০০টি ৩২ ওয়াট এনার্জি বাল্ব (এনার্জি প্যাক) সরবরাহ করার জন্য বর্তমান বাজার মূল্য অনুযায়ী ১,২৩,০০০/- (এক লক্ষ তেইশ হাজার) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় মিরপুর ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস এর বিভিন্ন সড়কে ব্যবহারের জন্য ৩০০টি ৩২ ওয়াটের এনার্জি সেভিং বাল্ব সরবরাহের জন্য ১,২৩,০০০/-(এক লক্ষ তেইশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় মিরপুর ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৩৫: মহাখালী ডিওএইচএস এলাকার ২ নং রোড উঁচুকরণসহ কার্পেটিং কাজের জন্য বিবিধ তহবিলে অর্থ না থাকায় চূড়ান্ত বিলের অবশিষ্ট ১২,৭২,১৯৮/- টাকা বোর্ড তহবিল হতে পরিশোধ প্রসংগে।

আলোচনা : মহাখালী ডিওএইচএস এলাকার ২ নং রোড উঁচুকরণসহ কার্পেটিং (Plant Method) কাজের জন্য ফোরওয়েজ ইঞ্জিনিয়ার্সকে ২৩,১৫,২০১/- (তেইশ লক্ষ পঁনের হাজার দুইশত এক) টাকার কার্যাদেশ প্রদান করা হয়েছে। কার্যাদেশ মোতাবেক সংশ্লিষ্ট ঠিকাদার কাজ সম্পন্ন করে চূড়ান্ত বিলের জন্য ২৯/০১/২০১৭ তারিখে আবেদন করেছেন। ইতোমধ্যে সংশ্লিষ্ট ঠিকাদারকে ১ম চলতি বিল বাবদ ১০,৪০,০০০/- (দশ লক্ষ চল্লিশ হাজার) টাকা পরিশোধ করা হয়েছে। বর্তমানে সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিলে প্রয়োজনীয় অর্থ না থাকায় ঠিকাদারের চূড়ান্ত বিলের অবশিষ্ট ১২,৭২,১৯৮/- (বার লক্ষ বাহাত্তর হাজার একশত আটানব্বই) টাকা পরিশোধ করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায়, সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিলের পরিবর্তে বোর্ড তহবিল হতে ঠিকাদারের চূড়ান্ত বিলের অবশিষ্ট ১২,৭২,১৯৮/- (বার লক্ষ বাহাত্তর হাজার একশত আটানব্বই) টাকা পরিশোধ করা যেতে পারে।

সিদ্ধান্ত : মহাখালী ডিওএইচএস এলাকার ২ নং রোড উঁচুকরণসহ কার্পেটিং কাজের জন্য বিবিধ তহবিলে অর্থ না থাকায় চূড়ান্ত বিলের অবশিষ্ট ১২,৭২,১৯৮/- টাকা বোর্ড তহবিল হতে পরিশোধ করার অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৩৬: শহীদ জাহাঙ্গীর গেইট এলাকায় রোপণের নিমিত্তে ফুল গাছ, ভিটি মাটি ও গোবর সার ক্রয়ের জন্য ১,৯৪,৬০০/- (এক লক্ষ চুরানব্বই হাজার ছয়শত) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : ঢাকা সেনানিবাসস্থ শহীদ জাহাঙ্গীর গেইট এলাকায় রোপণের জন্য ফুল গাছ, ভিটি মাটি ও গোবর সার ক্রয়ের জন্য ১,৯৪,৬০০/- (এক লক্ষ চুরানব্বই হাজার ছয়শত) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : উদ্যান শাখার নৈমিত্তিক খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে শহীদ জাহাঙ্গীর গেইট এলাকায় রোপণের জন্য ফুল গাছ, ভিটি মাটি ও গোবর সার ক্রয়ের জন্য ১,৯৪,৬০০/- (এক লক্ষ চুরানব্বই হাজার ছয়শত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৩৭: আজিজ পল্লীর সামনের বাগানে ফুলগাছ রোপণের জন্য ফুলগাছ, ভিটি মাটি ও গোবর সার ক্রয়ের জন্য ১,৯৫,৬০০/- (এক লক্ষ পঁচানব্বই হাজার ছয়শত) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : ঢাকা সেনানিবাসস্থ আজিজপল্লীর সামনের বাগানে ফুলগাছ রোপণের জন্য ফুলগাছ, ভিটি মাটি ও গোবর সার ক্রয়ের জন্য ১,৯৫,৬০০/- (এক লক্ষ পঁচানব্বই হাজার ছয়শত) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা হবে।

সিদ্ধান্ত : উদ্যান শাখার নৈমিত্তিক খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে আজিজ পল্লীর সামনের বাগানে ফুলগাছ রোপণের জন্য ফুলগাছ, ভিটি মাটি ও গোবর সার ক্রয়ের জন্য ১,৯৫,৬০০/- (এক লক্ষ পঁচানব্বই হাজার ছয়শত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৩৮: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের অস্থায়ী রিসিপশনিস্ট বেগম আমেনা ইসলাম এর বেতন ৭,৫০০/- টাকা হতে ১২,০০০/- টাকায় উন্নীতকরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : বেগম আমেনা ইসলাম-কে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে অস্থায়ী ভিত্তিতে ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) নিয়োগ করা হয়। বর্তমান জাতীয় বেতন স্কেলে সকল কর্মকর্তা/কর্মচারীর বেতন বৃদ্ধি পেলেও অস্থায়ী কর্মচারীদের বেতন বৃদ্ধি করা হয়নি। বর্তমান বাজার মূল্যের সাথে সামঞ্জস্য রেখে তার বেতন ১২,০০০/-(বার হাজার) টাকা নির্ধারণ করা যেতে পারে।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের অস্থায়ী রিসিপশনিস্ট বেগম আমেনা ইসলাম এর বেতন ৭,৫০০/- টাকা হতে ১২,০০০/- টাকায় উন্নীতকরণের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৩৯: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪/এ নং প্লটে নির্মিত বাড়ীর ০৬(ছয়)টি ফ্ল্যাট পারিবারিক আপোষ বন্টননামা রেজিষ্ট্রি করার অনুমতির বিষয়ে (১) খাজা তাজমহল, স্বামী- মৃত মীর মোঃ আমজাদ হোসেন, (২) লায়লা হোসেন, (৩) ডাঃ রুবাইয়াৎ ফারজানা হোসেন, (৪) হোসনে আরা হোসেন, (৫) মোহাম্মদ ইউসুফ ও (৬) এম এ হায়দার হোসেন, সর্বপিতা- মৃত মীর মোঃ আমজাদ হোসেন এর ১৭ এপ্রিল, ২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৮ নং রোডের ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা বিশিষ্ট ৫৪/এ নং প্লট ও প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর যৌথ মালিক যথাক্রমে (১) খাজা তাজমহল,স্বামী-মৃত মীর মোঃ আমজাদ হোসেন (২) লায়লা হোসেন, (৩) ডাঃ রুবাইয়াৎ ফারজানা হোসেন, (৪) হোসনে আরা হোসেন, (৫) মোহাম্মদ ইউসুফ ও (৬) এম এ হায়দার হোসেন, সর্বপিতা-মৃত মীর মোঃ আমজাদ হোসেন। উক্ত প্লটে ০৬টি ফ্ল্যাট বিশিষ্ট ০৭(সাত) তলা ভবন নির্মাণ করা হয়েছে। নির্মিত ভবনের ০৬(ছয়) টি ফ্ল্যাট এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ নিম্নোক্তভাবে পারিবারিক আপোষ বন্টননামা করার অনুমতি চেয়ে মালিকগণ অত্র দপ্তরে আবেদন করেছেন ঃ-

| ক্র নং | নাম | ফ্ল্যাট নম্বর ও কারপার্কিং নম্বর |
|---|---|---|
| ১। | খাজা তাজমহল<br>স্বামী-মীর মোঃ আমজাদ হোসেন | ফ্ল্যাট নং-০১, কারপার্কিং নং-২, ৪, ও ১৩ |
| ২। | লায়লা হোসেন | ফ্ল্যাট নং-০২, কারপার্কিং নং-৩, ৬, ও ১৪ |
| ৩। | ডাঃ রুবাইয়াৎ ফারজানা হোসেন | ফ্ল্যাট নং-০৩, কারপার্কিং নং-৭, ১২ ও ১৫ |
| ৪। | হোসনে আরা হোসেন | ফ্ল্যাট নং-০৪, কারপার্কিং নং-১, ৫ ও ১৬ |
| ৫। | মোহাম্মদ ইউসুফ | ফ্ল্যাট নং-০৫, কারপার্কিং নং-৮, ৯ ও ১৭ |
| ৬। | এম এ হায়দার হোসেন<br>সর্বপিতা-মৃত মীর মোঃ আমজাদ হোসেন | ফ্ল্যাট নং-০৬, কারপার্কিং নং-১০,১১ ও ১৮ |

উপরোক্ত ফ্ল্যাটসমূহ এবং আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ পারিবারিক আপোষ বন্টননামা দলিল রেজিস্ট্রি করার অনুমতি প্রদান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৮ নং রোডের ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা বিশিষ্ট ৫৪/এ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর ০৬টি ফ্ল্যাট নিম্নবর্ণিতভাবে আপোষ বন্টননামা রেজিস্ট্রি করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্র নং | নাম | ফ্ল্যাট নম্বর ও কারপার্কিং নম্বর |
|---|---|---|
| ১। | খাজা তাজমহল<br>স্বামী-মীর মোঃ আমজাদ হোসেন | ফ্ল্যাট নং-০১, কারপার্কিং নং-২, ৪, ও ১৩ |
| ২। | লায়লা হোসেন<br>পিতা-মৃত মীর মোঃ আমজাদ হোসেন | ফ্ল্যাট নং-০২, কারপার্কিং নং-৩, ৬, ও ১৪ |
| ৩। | ডাঃ রুবাইয়াৎ ফারজানা হোসেন<br>পিতা-মৃত মীর মোঃ আমজাদ হোসেন | ফ্ল্যাট নং-০৩, কারপার্কিং নং-৭, ১২ ও ১৫ |
| ৪। | হোসনে আরা হোসেন<br>পিতা-মৃত মীর মোঃ আমজাদ হোসেন | ফ্ল্যাট নং-০৪, কারপার্কিং নং-১, ৫ ও ১৬ |
| ৫। | মোহাম্মদ ইউসুফ<br>পিতা-মৃত মীর মোঃ আমজাদ হোসেন | ফ্ল্যাট নং-০৫, কারপার্কিং নং-৮, ৯ ও ১৭ |
| ৬। | এম এ হায়দার হোসেন<br>পিতা-মৃত মীর মোঃ আমজাদ হোসেন | ফ্ল্যাট নং-০৬, কারপার্কিং নং-১০,১১ ও ১৮ |

৪০ বিবিধ-১ ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আইসিইউ চালু করণের নিমিত্ত কমিটি গঠন।

আলোচনা ঃ উপর্যুক্ত বিষয়ে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আইসিইউ বেড থাকলেও প্রশিক্ষিত জনবল ও অত্যাবশ্যকীয় যন্ত্রপাতির অভাবে অদ্যাবধি কার্যক্রম চালু করা যায়নি। সভায় উপস্থিত হাসপাতালের পরিচালক প্রশাসন লেঃ কর্ণেল মোঃ আনোয়ার হোসেন, এসপিপি, পিএসসি জানান যে, কয়েকজন প্রশিক্ষিত জনবল ও কিছু অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি সরবরাহ করা হলে দ্রুততম সময়ের মধ্যে আইসিইউ চালু করা যাবে।

সিদ্ধান্ত ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আইসিইউ চালু করার জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠন করা হলো ঃ-

০১. লে. কর্ণেল মোঃ আনোয়ার হোসেন, এসপিপি, পিএসসি - সভাপতি
পরিচালক (প্রশাসন)
সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল

০২. লে. কর্ণেল মোঃ আবুল কালাম আজাদ - সদস্য
চীফ মেডিকেল অফিসার
সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল

০৩. ডাঃ মনিরা মনসুর - সদস্য
চীফ মেডিকেল অফিসার
সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল

০৪. মোঃ আব্দুল্লাহ আল মামুন - সদস্য
সহকারী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা।

০৫. মোঃ ওমর ফারুক - সদস্য
সহকারী সচিব, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা

৪০ বিবিধ-২ ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে আইসিইউ চালু করণের জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগ ও যন্ত্রপাতি ক্রয়ের অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আইসিইউ চালু করণের নিমিত্তে নিম্নলিখিত জনবল ও সরঞ্জামাদি প্রয়োজন মর্মে সভায় জানানো হয় ঃ-

(ক) <u>জনবলঃ</u> নিম্নলিখিত জনবল (অস্থায়ী) নিয়োগ প্রয়োজন যাহা পর্যায়ক্রমে স্থায়ী করা যেতে পারে ঃ-

| Ser/ No | Manpower | Requirement | Approximate wages |
|---|---|---|---|
| 1 | Anaesthesiologist/ Intensivist | 01 person | 60000/-per month for 6 hrs service and on call. |
| 2 | Medical Officer (ICU Trained) | 03 persons | 50,000/-per month per each |
| 3 | Senior Staff Nurse (ICA) | 04 persons | 30,000/-per month per each |
| 4 | Ward boy & Aya | 04 persons | 7500/-per month each |
| 5 | Security Guard | 04 persons | 7500/-per month each |
| 6 | Medical Tech (Radio) | 02 persons | 17,000/-per month per each |
| 7 | Medical Tech (Lab) | 01 persons | 17,000/- per month per each |
| | Expected Monthly Expense | 19 persons | 4,41,000/- |

(খ) <u>সরঞ্জামাদিঃ</u> নিম্নলিখিত সরঞ্জামাদি প্রয়োজনঃ

| Ser/ no | Equipments | Requirement | Approximate price | Remarks |
|---|---|---|---|---|
| 1 | ICU Ventilators | 02 unit | 12,50,000/- X2=25,00,000/- | Can be Installed later |
| 2 | Portable X-ray with CR | 02 unit | 3,50,000/- | |
| 3 | Plasma Sterilizer & Plasma filter | 02 unit | 3,00,000/- | |
| 4 | Glucometer | 01 unit | 2,250/- | |
| 5 | Emergency Medicine Box | 01 unit | 3,000/- | |
| 6 | X-ray View box(Big) | 01 unit | 28,000/- | |
| 7 | Guide Wire (Plastic/Metallic) | 04 unit | 5,000/- | |
| 8 | Oxygen Flometer | 02 unit | 6,500/- | |
| 9 | ABG Machine ( Dry ) | 01 unit | 6,00,000/- | |
| 10 | Syringe pump | 08 unit | 40,000X8 =3,20,000/- | |

| | | | | |
|---|---|---|---|---|
| 11 | Infusion pump | 04 unit | 55000X4 =2,20,000/- | |
| 12 | Blood warmer | 01 unit | 25,000/- | |
| 13 | Crash Cart ( Local Made) | 01 unit | 3,000/- | |
| 14 | Defibrillator | 01 unit | 4,00,000/- | |
| 15 | Laryngoscope Set adult/paediatric | 02 unit | 3500/-X2=7,000/- | |
| 16 | Gum, elastic, boogie | 01 unit | 3,500/- | |
| 17 | Nebulizer machine | 01 unit | 3,500/- | |
| 18 | Black Sheet- Plastic Bed | 10 yards | 2,500/- | |
| 19 | Air cushion Bed | 03 unit | 2000X3=6,000/- | |
| 20 | Bed side stand | 08 unit | 2000X08=8,000/- | |
| 21 | Bed side table | 04 unit | 4000X4=16,000/- | |
| 22 | Bed Sheet & Pillow with cover | 12 sets | 10,000/- | |
| 23 | Table with chair for consultant, doctors & ICAs | 02 Tables 02 Chairs | 10,000/- | |
| 24 | Almirah ( with front side glass) | 01 | 15,000/- | |
| 25 | Shoes & Head Cover | 25 pairs | 2500/- | |
| 26 | Gown | 10 pairs | 10,000/- | |
| 27 | Shoes Box & Gown Rack | 02 | 5,000/- | |
| 28 | ECG Machine (12 Channel) | 01 | 65,000/- | Can be installed later |
| 29 | Air Compressor | 01 Unit | 15,00,000/- | Can be Installed later |
| 30 | Present Equipment Re-Installation & Miscellaneous Charges | | 200000/- | |
| | | Total | 66,26,750/- | Without VAT |
| | **Expected Expense** | **Grand Total** | **86,14,776/-** | **With VAT & Others** |

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে পূর্ণাঙ্গভাবে হাসপাতালের আই সি ইউ চালুকরণের জন্য জরুরীভিত্তিতে অস্থায়ীভাবে বিষয়োক্ত জনবল নিয়োগ ও সরঞ্জামাদিসমূহ প্রয়োজন হবে, যা গঠিত পর্ষদের সুপারিশমালা অনুযায়ী পর্যায়ক্রমে ধাপে ধাপে কার্যকর করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৪০ বিবিধ-৩ ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ল্যাবরেটরিতে হ্রাসকৃত মূল্যে সেনাকল্যাণ সংস্থার আনুমানিক ২,১০০ কর্মকর্তা/কর্মচারীর মেডিক্যাল চেকআপ করার জন্য সেনাকল্যাণ সংস্থার ২৬ এপ্রিল, ২০১৭ তারিখের এসকেএস/৭১৯/আল-বাওয়ানী/বিডি-৭/৪১০ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে।

আলোচনা ঃ সেনাকল্যাণ সংস্থার ২৬ এপ্রিল, ২০১৭ তারিখের এসকেএস/৭১৯/আল-বাওয়ানী/বিডি-৭/৪১০ নং পত্রের মাধ্যমে জানানো হয় যে, সম্প্রতি সেনা কল্যাণ সংস্থা সৌদি আরবের নির্মাণ প্রতিষ্ঠান এর সংগে বিভিন্ন ক্যাটাগরিতে পেশাদার, দক্ষ ও অদক্ষ কর্মী নিয়োগের জন্য চুক্তিবদ্ধ হয়েছে। এ প্রেক্ষিতে প্রথম পর্যায়ে ৩০০ জন জনবল নিয়োগের কার্যাদেশ পাওয়া গেছে, যা পর্যায়ক্রমে ১০-১৫ হাজার এ উন্নীত হতে পারে। ১ম পর্যায়ে ৩০০ জনবলের বিপরীতে আনুমানিক ২,১০০ জনবলের মেডিক্যাল চেকআপ ১০-১৫% হ্রাসকৃত মূল্যে সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ল্যাবে সেনাকল্যাণ সংস্থার মনোনীত জনবলের মেডিক্যাল চেকআপ ১০% হ্রাসকৃত মূল্যে সম্পাদন করার অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৪০ বিবিধ-৪ ঃ মহাখালী ডিওএইচএস এলাকার ৩০৭ নং প্লটে ১৯৯৭ সালে নির্মিত ০৫(পাঁচ) তলা বাড়ীতে একটি ক্যাপসুল লিফ্ট স্থাপনের জন্য উক্ত প্লটের মালিক কর্ণেল নজমুল আলম (অবঃ) এর ২৬ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ মহাখালী ডিওএইচএস এলাকার ৩০৭ নং প্লটে ১৯৯৭ সালে একটি ০৫(পাঁচ) তলা ভবন নির্মাণ করা হয়। ঐ সময়ে উক্ত বাড়ীতে লিফ্ট স্থাপন করা হয়নি। কিন্তু বর্তমানে উক্ত বাড়ীর মালিক কর্ণেল নজমুল আলম (অবঃ) বার্ধক্যজনিত কারণে (বর্তমানে তাঁর বয়স ৭৫ বছর মর্মে আবেদনে জানিয়েছেন) সিঁড়ি দিয়ে উঠা-নামা করতে পারেন না বিধায় সময়ের প্রয়োজনে ভবনের পশ্চিম পার্শ্বে সীমানা দেয়ালের মধ্যে (৪-০´´ সেটব্যাকের মধ্যে) একটি ক্যাপসুল লিফ্ট স্থাপনের অনুমতি প্রদানের জন্য আবেদন করেছেন। এ বিষয়ে পার্শ্ববর্তী ৩০৮ নং প্লটের মালিক ব্রিগেডিয়ার জেনারেল মোয়াজ্জেম হোসেন (অবঃ) ২০ মার্চ, ২০১৭ তারিখের আবেদনে লিফ্ট স্থাপন কাজ বন্ধ করার জন্য আবেদন করেছেন। এ প্রসংগে উল্লেখ্য যে, ৩০৮ নং প্লটের মালিক তাঁর পুরাতন বাড়ী ভেঙ্গে বর্তমানে নতুন ০৭(সাত) তলা বাড়ীর নির্মাণ কাজ করছেন। মানবিক বিবেচনায় ৩০৭ নং প্লট মালিকের আবেদনটি বিবেচনা করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস এলাকার ৩০৭ নং প্লট মালিকের বার্ধক্য জনিত কারণে মানবিক বিবেচনায় পুরাতন বাড়ীর পশ্চিম পার্শ্বে একটি ক্যাপসুল লিফ্ট স্থাপনের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে অদূর ভবিষ্যতে ৩০৭ নং প্লটের মালিক পুরাতন বাড়ী ভেঙ্গে নতুন বাড়ী নির্মাণ করলে ইমরাত নির্মাণ বিধিমালা অনুযায়ী সেটব্যাক ক্লিয়ার রেখে যাবতীয় নির্মাণ কাজ করতে হবে।

৪০ বিবিধ-৫ ঃ বারিধারা ডিওএইচএস এর ১৫৪ নং প্লটে ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ প্রসংগে।

আলোচনা ঃ বারিধারা ডিওএইচএস এর ১৫৪ নং প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের বিষয়ে আলোচনাক্রমে নিম্নবর্ণিত তথ্যাদি সভায় উপস্থাপন করা হয় ঃ-

১. বারিধারা ডিওএইচএস ১৫৪ নং প্লটে ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণের সংশোধিত নকশা অনুমোদনের জন্য ১০ অক্টোবর, ২০১৩ তারিখে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করা হয়।

২. ০৩ ডিসেম্বর, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১৬(২৫) এর মাধ্যমে উপস্থাপন করা হলে কারিগরী ভেটিং এর জন্য এমআইএসটি-তে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. এআইএসটি'র কারিগরী ভেটিং বাবদ ১,২৩,৩৭৫/- টাকার পে-অর্ডার জমা করার পর ০৯ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখে এমআইএসটিতে প্রেরণ করা হয়।

৪. এমআইএসটি'র ১৪ জুন, ২০১৫ তারিখের প্রতিবেদনে বারিধারা ডিওএইচএস এর ১৫৪ নং প্লটে ভার্টিক্যাল এক্সটেশনের প্রস্তাব অনুমোদনের বিপক্ষে মতামত প্রদান করা হয়। বিষয়টি অত্র দপ্তরের ২৫ জুন, ২০১৫ তারিখের ঢাক্যাবো/প্লট নং-১৫৪/ডিওএইচএস বারিধারা/১২৪ নং পত্রে প্লট মালিককে অবহিত করা হয়।

৫. মেজর মোঃ সানাউল্লাহ মিয়া (অবঃ) এর ৩১ জুলাই, ২০১৬ তারিখের আবেদনে জানান যে, তাঁর ইতোপূর্বে দাখিলকৃত নকশায় ত্রুটি থাকায় তা সংশোধন করে ক্যান্টনমেন্ট বোর্ডের মাধ্যমে এমআইএসটি-তে প্রেরণের অনুরোধ জানান। বিষয়টির ব্যাপারে পুনরায় ২৯/৮/২০৬ তারিখের আবেদনে তিনি কার্যক্রম গ্রহণ করার অনুরোধ জানান।

৬. পরবর্তীতে প্লট মালিক মেজর (অবঃ) সানা উল্লাহ মিয়ার ২৯ আগস্ট, ২০১৬ তারিখে As Built নকশাসহ ভার্টিক্যাল এক্সটেনশনের নকশাটি পুনঃবিবেচনার জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন।

৭. বিষয়টি ২৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৩৪ এর মাধ্যমে উপস্থাপন করা হলে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শন করে ০৭(সাত) কার্যদিবসের মধ্যে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড বরাবর নোটশীটের মাধ্যমে প্রতিবেদন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৮. সে মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী ২৩ অক্টোবর, ২০১৬ তারিখে মিনিটশীটের মাধ্যমে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড বরাবর প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, এমআইএসটি কর্তৃক ভেটিং সাপেক্ষে উক্ত প্লটে ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ করা যেতে পারে। মিনিটশীটে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক এমআইএসটি'র ভেটিং এর জন্য নকশাটি প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ডের ২২ নভেম্বর, ২০১৬ তারিখের ঢাক্যাবো/প্লট নং-১৫৪/ডিওএইচএস বারিধারা/১৬৪ নং পত্রের মাধ্যমে এমআইএসটি'র ফি বাবদ ১,২৩,৩৭৫/- টাকার পে-অর্ডারসহ নকশাটি এমআইএসটি-তে ভেটিং এর জন্য প্রেরণ করা হয়।

৯. এমআইএসটি'র ২২ ডিসেম্বর, ২০১৬ তারিখের সিএটিএস-এমআইএসটি/সিই/১২/১৬ নং পত্রের মাধ্যমে বারিধারা ডিওএইচএস এর ১৫৪ নং প্লটের বিষয়ে আরো কিছু তথ্য সম্বলিত সংশোধিত নকশা প্রেরণের জন্য অনুরোধ জানান।

১০. অত:পর এমআইএসটি'র ০৯ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের সিএটিএস-এমআইএসটি/প্লট-১৫৪/০২/২০১৭ নং পত্রের মাধ্যমে উক্ত প্লটে ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ করার সম্ভব মর্মে মতামত প্রদান করা হয়।

১১. উক্ত প্লটে নির্মিত বাড়ীর ৬ষ্ঠ তলার ফ্ল্যাট ক্রেতা মেজর (অবঃ) বদর উদ্দিন আহমেদ এবং ৫ম তলার তলার ফ্ল্যাট ক্রেতা মিসেস রোকেয়া আহমেদ ১৯ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের আবেদনে উক্ত প্লটে ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ করার অনুমোদন না দেয়ার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এর ১৫৪ নং প্লটে ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণের বিষয়ে এমআইএসটি'র পূর্বের ও পরের কারিগরী পরামর্শের বিষয়ের প্রেক্ষিত অবহিত করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড হতে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।
সংযুক্ত ঃ পরিশিষ্ট-'ক' ও 'খ'।

9/5/2017

*( এস. এম. আব্দুল কাদের )*
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

07 May 17

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

*পরিশিষ্ট-'ক'*

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন আরিফ আহমেদ মোস্তফা (জি), পিএসসি, বিএন — উপস্থিত
অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) গ্রুপ ক্যাপ্টেন মুহাম্মদ শরিফুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি, জিডি(পি) — উপস্থিত
বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি — উপস্থিত
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) মেজর মোঃ শওকত জামিল — উপস্থিত
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক — উপস্থিত
বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) জনাব হেলাল উদ্দিন আহমেদ — উপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) মোঃ শরীফুল আলম তানভীর — উপস্থিত
এনডিসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।